আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
যখন তিনি মায়ের কোলে থাকবেন এবং পূর্ণ বয়স্ক হবেন তখন তিনি মানুষের সাথে কথা বলবেন। আর তিনি সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত হবেন।
সূরা আল ইমরান ৪৬

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৯ জুন ২০২৬ ॥ ২২ জিলহজ্জ ১৪৪৭ ॥ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৬৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

এবার সিটি করপোরেশন প্রশাসকের বিদেশযাত্রা নাকচ করলেন প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

সড়কবাতি বা স্ট্রিট লাইটিংয়ের নতুন বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তির ওপর অভিজ্ঞতা অর্জনের জন্য ফ্রান্স যাওয়ার আবেদন করেছিলেন ২ এর পাতায় দেখুন

টিআইবির রিপোর্ট পেপার কাটিং: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

সরকারের প্রথম ১০০ দিনে সংঘটিত হত্যাকাণ্ড-ধর্ষণ নিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) প্রকাশিত ২ এর পাতায় দেখুন

এসএসসি পরীক্ষার ফল ২০ জুলাই: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামী ২০ জুলাই প্রকাশ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক ২ এর পাতায় দেখুন

দ্বিতীয় ধাপে আরও ১০০ প্রার্থীর নাম ঘোষণা করবে এনসিপি

কীর্তনখোলা ডেস্ক

দ্বিতীয় ধাপে আরও ১০০ জন উপজেলা চেয়ারম্যান ও পৌরসভা মেয়র পদে প্রার্থী ঘোষণা করবে জাতীয় ২ এর পাতায় দেখুন

নদীগ্রাসে ছোটো হচ্ছে বরিশাল!

কীর্তনখোলা রিপোর্ট

নদীগর্ভে বিলীন হচ্ছে মাইলের পর মাইল ফসলি জমি, ঘরবাড়ি এবং গুরুত্বপূর্ণ স্থাপনা। গত ৩৮ বছরের স্যাটেলাইট চিত্র বিশ্লেষণে দেখা গেছে, নদীভাঙনের কারণে বরিশালের ভৌগোলিক মানচিত্র ক্রমেই ছোট হয়ে আসছে। বর্তমানে বরিশাল বিভাগের প্রায় ১০২ কিলোমিটার বেড়িবাঁধ মারাত্মক ভাঙনঝুঁকিতে রয়েছে। পরিবেশ গবেষক ও বিভিন্ন সংস্থার তথ্য অনুযায়ী, গত পাঁচ বছরেই বিভাগের অন্তত ১২০ বর্গকিলোমিটার এলাকা নদীগর্ভে হারিয়ে গেছে। সচেতন মহলের অভিযোগ, অপরিকল্পিত বেড়িবাঁধ নির্মাণ এবং নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের কারণেই প্রতি বছর লক্ষাধিক মানুষ বাস্তুহারা হচ্ছেন। গত ৩০ বছর ধরে মেঘনা নদীর অব্যাহত ভাঙনে বিলীন হওয়ার পথে বরিশালের হিজলা উপজেলার গৌরবদী ইউনিয়ন। সরেজমিনে কথা হয় উপজেলার সত্তরোর্ধ্ব বাসিন্দা নুর মোহাম্মদ মোল্লার সঙ্গে। মেঘনার বিশাল জলরাশির দিকে তাকিয়ে তিনি স্মৃতিচারণ করেন হারিয়ে যাওয়া বসতভিটার কথা। অশ্রুসজল চোখে নুর মোহাম্মদ মোল্লা বলেন, যে মাটিতে আমার শৈশব-কৈশোর কেটেছে, আজ তার পুরোটাই মেঘনা নদীর গর্ভে। পাকা ঘরবাড়ি, ধানি জমি, বাপ-দাদার ভিটে; সবকিছুই চোখের সামনে তলিয়ে গেছে। একই এলাকার বাসিন্দা রাবেয়া বেগমের আশঙ্কা, নদী যেভাবে এগোচ্ছে, তাতে দ্রুত বাঁধ না দিলে পুরো ইউনিয়নই একদিন মানচিত্র থেকে মুছে যাবে। মফিজুল ইসলাম বলেন, ত্রাণ চাই না, আমরা স্থায়ী ও টেকসই বাঁধ চাই। শুধু মেঘনাই নয়, কীর্তনখোলা, কালাবদর, আড়িয়াল খাঁ, সন্ধ্যা, তেঁতুলিয়া, কারখানা ও সুগন্ধা নদীর ভাঙনে ক্ষতিগ্রস্ত হচ্ছে বরিশালের বিস্তীর্ণ এলাকা। কীর্তনখোলা নদীর ভাঙনে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত চরবাড়িয়া এলাকার পরিস্থিতি আরও উদ্বেগজনক। সেখানে স্থায়ী বাঁধ নির্মাণের পরও গত বর্ষা মৌসুমে নতুন করে ভাঙন দেখা দিয়েছে। চরবাড়িয়ার বাসিন্দা আবদুল খালেক মিয়া বলেন, নদী আমাদের সব কেড়ে নিয়েছে। তিনবার বাড়ি হারিয়ে এখানে এসে আশ্রয় নিয়েছিলাম। এখন এই জায়গাটাও ভাঙনের মুখে। দ্রুত ব্যবস্থা না নিলে আমাদের নদীতে ডুবে মরা ছাড়া উপায় থাকবে না। ১৯৮৪ থেকে ২০২২ সাল পর্যন্ত স্যাটেলাইট চিত্র বিশ্লেষণে দেখা গেছে, বছরের পর বছর নদীভাঙনের কারণে সংকুচিত হচ্ছে বরিশালের মানচিত্র। বিশেষজ্ঞদের মতে, নদীর তলদেশ থেকে অবাধে বালু উত্তোলন এই ঝুঁকিকে আরও কয়েক গুণ বাড়িয়ে দিয়েছে। ফলে স্থায়ী বাঁধ নির্মাণের পরও অনেক এলাকায় নতুন করে ভাঙন দেখা দিচ্ছে। বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) বরিশাল বিভাগীয় আহ্বায়ক রফিকুল আলম বলেন, অপরিকল্পিত বেড়িবাঁধ নির্মাণ এবং নদী থেকে অনিয়ন্ত্রিত ও অবৈধভাবে বালু উত্তোলনের কারণেই ২ এর পাতায় দেখুন

বরিশাল নগরীর ১নং ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

বরিশালের পৃথক স্থান থেকে চার লাশ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

ঝালকাঠির নলছিটিতে স্কুলছাত্র, বরগুনায় গরু ব্যবসায়ীর মাথাবিহীন লাশ, বাউফলে মুক্তিযোদ্ধার পচাগলা লাশ ও রাঙ্গাবালিতে এক কিশোরের লাশ উদ্ধার করা হয়েছে। ঝালকাঠির নলছিটি উপজেলায় ইভা আক্তার (১৩) নামে অষ্টম শ্রেণির এক স্কুলছাত্রী গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। রোববার (৭ জুন) রাত সাড়ে ১০টার দিকে উপজেলার শেকড়কাঠি গ্রামে এ ঘটনা ঘটে। নিহত ইভা আক্তার ওই গ্রামের অটোরিকশাচালক মো. শহিদ সিকদারের মেয়ে এবং জুরকাঠি জেড.এ. ভুট্টো মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী। পারিবারিক সূত্রে জানা গেছে, রবিবার রাতে ইভাকে ঘরে রেখে তার মা আছমা বেগম পাশের ঘরে যান। এ সময় ঘরের বারান্দার আড়ার সঙ্গে ওড়না বেঁধে গলায় ফাঁস দেয় ইভা। কিছুক্ষণ পর তার বাবা শহিদ ২ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা কলেজে ও স্কুলে মানিক মিয়ার মৃত্যু বার্ষিকী পালিত

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল সোমবার মজিদা বেগম মহিলা কলেজের শিক্ষক,কর্মচারী এবং শিক্ষার্থীদের আয়োজনে বিনম্র শ্রদ্ধা এবং ভালোবাসায় উপ-মহাদেশের প্রখ্যাত কালজয়ী গণমুখি সাংবাদিক, মোসাফির কলাম লেখক, স্বাধীনতা যুদ্ধের সামনের সারির কলম সৈনিক এবং দৈনিক ইত্তেফাকের প্রতিষ্ঠাতা সম্পাদক তফাজ্জল হোসেন মানিক মিয়ার ৫৭ তম মৃত্যু বার্ষিকী পালন করা হয়। এ উপলক্ষে দুপুরে কলেজের সুলতানা হোসেন মিলনায়তনে, আলোচনা সভায় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. এনায়েত হোসেন খোকন এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, সহকারী অধ্যাপক মো. আতিকুর রহমান, মো.খলিলুর রহমান,মো. ওসমান গণি, মো. মুরাদ হোসেন জাহিদ, প্রভাষক মো. ওমর ফারুক, শিক্ষার্থী মোসাম্মৎ মরিয়ম আক্তার, মোসাম্মৎ সুরাইয়া আক্তার ও মোসাম্মৎ হাফছা আক্তার প্রমূখ। তফাজ্জল হোসেন ২ এর পাতায় দেখুন

মেডিকেলের ইন্টার্ন চিকিৎসকদের কর্মবিরতি অব্যাহত, ভোগান্তিতে রোগীরা

কীর্তনখোলা রিপোর্ট

স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তা আইন প্রণয়নসহ ৬ দফা দাবিতে দ্বিতীয় দিনের মতো কর্মবিরতি পালন করছে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ইন্টার্ন চিকিৎসকরা। দাবির সঙ্গে একমত পোষন করে কর্মবিরতির ঘোষণা দিয়েছে হাসপাতালে মিড লেভেলের চিকিৎসকরাও। গতকাল সোমবার বেলা ১২টার পরে মিড লেভেলের চিকিৎসকরা এ ঘোষণা দেন। এর আগে ৬ দফা দাবিতে ক্লাস পরীক্ষা বর্জন করে বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজের সামনে বিক্ষোভ করেন ইন্টার্ন চিকিৎসক ও শিক্ষার্থীরা। আন্দোলনকারীরা জানান, নতুন পে-স্কেলের সঙ্গে মিল রেখে ইন্টার্ন চিকিৎসকদের ন্যূনতম বেতন ২০ থেকে ৩০ হাজার টাকায় উন্নীত করতে হবে। পাশাপাশি স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তা আইন প্রণয়ন, বিএমইউ, বিসিপিএস পরীক্ষার ফি কমিয়ে ১ হাজার টাকার মধ্যে আনতে হবে, বেসরকারি প্রতিষ্ঠানের কর্মরত চিকিৎসকদের জন্য সুস্পষ্ট বেতন কাঠামো প্রণয়ন ২ এর পাতায় দেখুন

জনগণ বাজেট বাস্তবায়নে ছলচাতুরী ও অপচয়ের অধিকার দেয়নি
চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক

জনগণের করের টাকায় গঠিত বাজেট বাস্তবায়নে ছলচাতুরী, টালবাহানা, অপচয় ও অযৌক্তিক ব্যয়ের অধিকার জনগণ কাউকে দেয়নি বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। সোমবার (৮ জুন) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে ইসলামী আন্দোলন বাংলাদেশ আয়োজিত বাংলাদেশের আগামী অর্থ বছরের বাজেট; আমাদের ভাবনা ও জনগণের প্রত্যাশা শীর্ষক গোলটেবিল বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রেজাউল করীম বলেন, সরকার প্রতিবছর বাজেট পেশ করে এবং সংসদে পাশ করিয়ে নেয়। কিন্তু এই বাজেট বাস্তবায়নে সরকারের যথাযথ নজরদারি, আমানতদারি ও জবাবদিহিতার যথেষ্ট ঘাটতি বরাবরই পরিলক্ষিত হয়। ফলে জনগণের কষ্টের টাকার বাজেটের একটি বড় অংশই অপব্যয়িত হয়। ক্রয় দুর্নীতির ২ এর পাতায় দেখুন

ভ্যাপসা গরমে পুড়ছে বরিশাল
৩৯ ডিগ্রিতে উঠতে পারে তাপমাত্রা

কীর্তনখোলা রিপোর্ট

মৃদু তাপপ্রবাহে পুড়ছে পুরো বরিশাল। চলমান তাপদাহে থমকে গেছে দক্ষিণাঞ্চলের প্রধান নগরীর স্বাভাবিক জনজীবন। এ মাসে তাপমাত্রা ৩৮ থেকে ৩৯ ডিগ্রি সেলসিয়াসে গিয়ে ঠেকতে পারে বলে জানায় আবহাওয়া অফিস। রোববার (৮ জুন) আবহাওয়া অফিসের পূর্বাভাসে এ তথ্য জানা যায়। এ দিকে দিন দিন তাপমাত্রার পারদ যত বাড়ছে, মানুষের ভোগান্তির পাশাপাশি হাসপাতালগুলোতে পাল্লা দিয়ে বাড়ছে ডায়রিয়া, ডিহাইড্রেশনসহ গরমজনিত বিভিন্ন রোগে আক্রান্ত রোগীর সংখ্যা। ২ এর পাতায় দেখুন

বরিশালে ডিআইজি কার্যালয় থেকে এক জোড়া ‘কালনাগিনী’ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয় থেকে এক জোড়া কালনাগিনী সাপ উদ্ধার করেছে এনিমেল লাভার্স অব পটুয়াখালীর সদস্যরা। রোববার বিকেল ৪টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত প্রায় সাড়ে ৩ ঘণ্টার অভিযান চালিয়ে ডিআইজির কক্ষের দেয়াল ভেঙে সাপ দুটি উদ্ধার করা হয়। পরে সাপ দুটিকে বন বিভাগের কাছে হস্তান্তর করেছে এনিমেল লাভার্সের সদস্যরা। সংগঠনটির পরিচালক আসাদুল্লাহ হাসান মুসা বলেন, তারা খবর পান রোববার বিকেলে নগরীর কাশিপুর এলাকায় ডিআইজি কার্যালয়ে ডিআইজির রুমে তিনটি সাপ প্রবেশ করেছে। খবর পেয়ে বিকেল ৪টার দিকে সেখানে সাপ উদ্ধার অভিযান শুরু করেন। পরিচালক আরও বলেন, সাপ ২ এর পাতায় দেখুন

হাম ও উপসর্গে আরও ৮ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

হাম ও হামের উপসর্গে দেশে আরও আটজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে মারা গেছে সাতজন আর একজনের হামে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। এ নিয়ে দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা ৬২৮ জনে দাঁড়িয়েছে। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে ৫৩৬ ও নিশ্চিত হামে ৯২ জনের মৃত্যু হয়েছে। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। এই হিসাব রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত সময়ের। গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে যে আটজনের মৃত্যু হয়েছে, তাদের মধ্যে তিনজন ঢাকা বিভাগের। এ ছাড়া চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগে একজন করে মৃত্যু হয়েছে। স্বাস্থ্য ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারাোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারাোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

চাকরির প্রলোভনে কম্বোডিয়ায় নিয়ে জিম্মিদশা
বাবা-ছেলের বিরুদ্ধে প্রতারণা ও সাইবার অপরাধে বাধ্য করার অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের আগৈলঝাড়া উপজেলার দুই যুবককে বিদেশে উচ্চ বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে বিপুল অর্থ হাতিয়ে নেওয়া, কম্বোডিয়ায় নিয়ে শারীরিক ও মানসিক নির্যাতন, বেতন বঞ্চনা, জিম্মি করে রাখা এবং বিভিন্ন অবৈধ কর্মকাণ্ডে জড়াতে বাধ্য করার গুরুতর অভিযোগ উঠেছে আগৈলঝাড়া উপজেলার গৈলা ইউনিয়নের বাসিন্দা মো. কামাল হোসেন বেপারী ও তার ছেলে ছিয়াম হোসেনের বিরুদ্ধে। ভুক্তভোগীদের দাবি, বর্তমানে তারা কম্বোডিয়ার রাজধানী নমপেন (চযহড়স চবহয) শহরে চরম অনিশ্চয়তা ও নিরাপত্তাহীনতার মধ্যে দিন কাটাচ্ছেন। অভিযোগে বলা হয়েছে, বিদেশে পাঠানোর ক্ষেত্রে ঢাকার মতিঝিলে অবস্থিত নাহার ইন্টারন্যাশনাল, চাঁদনী ইসলাম মালেক ম্যানশন, ১২৮ মতিঝিল, ঢাকা-১০০০ নামের একটি রিক্রুটিং প্রতিষ্ঠানের মাধ্যমে প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ভুক্তভোগী আরিফ হোসেন বরিশালের আগৈলঝাড়া ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

রাষ্ট্র ও সমাজকে পদক্ষেপ নিতে হবে

চিকিৎসাবিজ্ঞান উন্নত হচ্ছে। স্বাস্থ্য সম্পর্কে মানুষের সচেতনতা বাড়ছে। ফলে বাড়ছে মানুষের গড় আয়ু। বাড়ছে বয়োবৃদ্ধ বা প্রবীণ মানুষের সংখ্যা। যত দিন যাবে এই সংখ্যা বাড়তেই থাকবে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে একই সঙ্গে বাড়ছে প্রবীণ মানুষের দুর্ভোগ, অসহায়ত্ব ও জীবন-যন্ত্রণা। সম্প্রতি গণমাধ্যমে আসা দুটি খবর বিবেকসম্পন্ন প্রতিটি মানুষের হৃদয়-যন্ত্রণার কারণ হয়েছে। মিরপুরে এক বাসায় একাকী মরে পড়ে ছিলেন এক মা, যাঁর শরীরে ঘা হয়ে গিয়েছিল। অথচ তাঁর দুই ছেলে ঢাকায়ই অত্যন্ত প্রতিষ্ঠিত। মিরপুরেই আরেক ফ্ল্যাট থেকে এক মায়ের অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়েছে, যাঁর স্বামী-সন্তান বিদেশে থাকেন। এমন ঘটনা অহরহ ঘটছে। প্রকাশিত প্রতিবেদনে অনেক প্রবীণের এমনই দুর্দশার করুণ চিত্র উঠে এসেছে। কেউ নিজের বাড়ি বা ফ্ল্যাটে একা থাকেন। কেউ প্রবীণনিবাসের ছোট্ট কুঠরির চার দেয়ালে বন্দি হয়ে মৃত্যুর অপেক্ষা করছেন। অনেকে সন্তান-স্বজনদের দেখা পাবেনড় এমন আশাও ছেড়ে দিয়েছেন। আবার যাঁদের নিজের সংগতি কম, প্রবীণনিবাসের খরচ জোগানোর ক্ষমতা নেই, তাঁদের কী অবস্থা? প্রতিনিয়ত লাঞ্ছনা-গঞ্জনা সহ্য করে সন্তানের সংসারে মুখ গুঁজে কোনো রকমে পড়ে থাকতে হয়। মৃত্যু কেন আসে না বলে আক্ষেপ করতে হয়। অনেকের অবস্থা হয় আরো খারাপ। নিকট অতীতে বৃদ্ধ মা-বাবাকে দূরে কোথাও রাস্তার ধারে বা জঙ্গলে ফেলে আসার মতো ঘটনাও ঘটেছে। বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ ও জরাবিজ্ঞান প্রতিষ্ঠানের (বাইগাম) মহাসচিব বীর মুক্তিযোদ্ধা মো. ইন্তেজার রহমান বলেন, 'এখানে যাঁরা আসেন, বাধ্য হয়েই আসেন। পরিবারের লোকজন এসে দেখা করে যায়। কিন্তু দিনশেষে তাঁরা একাকী। এটাই বাস্তবতা। তাঁদের একেকজনের একেক ধরনের কষ্ট।' তিনি জানান, ঢাকাসহ সারা দেশে তাঁদের মোট ৯২টি শাখায় ১০ থেকে ১২ হাজার প্রবীণ থাকেন। প্রবীণ হিতৈষী লেখক ও সংগঠক হাসান আলী বলেন, 'আগে প্রবীণদের আড্ডা দেওয়ার জায়গা ছিল। গল্প করতে পারতেন। এখন অনেকের জীবন চার দেয়ালে আটকে গেছে।' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধ্যাপক কামাল উদ্দিন আহমেদ চৌধুরী বলেন, 'সময় যত যাবে, দেশে প্রবীণের সংখ্যা তত বাড়বে। তবে এখন যেহেতু যৌথ পরিবারের সংখ্যা কমে যাচ্ছে, সেহেতু স্বাভাবিকভাবেই প্রবীণদের একাকিত্ব বাড়ছে। নিঃসঙ্গতার ফলে তাঁদের মধ্যে মৃত্যুভয়, বিষণ্নতা, মেজাজ খিটখিটে হওয়াসহ নানা শারীরিক ও মানসিক রোগ দেখা দেয়।' মা-বাবার ভরণ-পোষণের বিষয়ে আইন আছে, কিন্তু আইনের বাস্তবায়ন নেই। আর যেখানে পারিবারিক বন্ধন, ভালোবাসা, মানবিকতা হারিয়ে যাচ্ছে; সেখানে আইন কতটুকুই বা করতে পারবে! রাষ্ট্র ও সমাজকে বিষয়টি নিয়ে ভাবতে হবে। পদক্ষেপ নিতে হবে। আনন্দময় শৈশবের মতোই আনন্দময় বার্ধক্য নিশ্চিত করতে হবে।

দ্বিতীয় ধাপে আরও

নাগরিক পার্টির (এনসিপি)। আগামী ১৫ জুন এ তালিকা ঘোষণা করবে দলটি। সোমবার (৮ জুন) দলের উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম তার ভেরিফায়েড ফেসবুক আইডিতে এক পোস্টে এ কথা জানিয়েছেন। এর আগে গত ১০ মে দেশের ১০০টি উপজেলা ও পৌরসভায় নির্বাচনের জন্য দলীয় প্রার্থী ঘোষণা করে এনসিপি। এর মধ্যে ৩৩টি পৌরসভার মেয়র ও ৬৭টি উপজেলার চেয়ারম্যান পদের প্রার্থী ছিল।

এসএসসি পরীক্ষার ফল

মিলন। সোমবার (৮ জুন) সচিবালয়ে সরকারের তিন মাসের কর্মসূচি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে মন্ত্রী এ তথ্য জানান। শিক্ষামন্ত্রী বলেন, এসএসসির রেজাল্ট আমরা ২০ জুলাই প্রকাশ করবো, সেই নির্দেশনা আমরা দিয়ে দিয়েছি। পরবর্তীতে আমাদের এইচএসসি পরীক্ষার রুটিন এবং আমরা সবকিছু অ্যানাউন্স করেছি। কারিকুলামের কারণে শিক্ষার্থীদের লার্নিং গ্যাপ থেকে যাচ্ছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে শিক্ষামন্ত্রী বলেন, প্রথমে হচ্ছে কারিকুলামের লার্নিং আউটকাম বেজড অন দ্য কন্টেন্ট, সেটাকেই আমরা প্রায়োরিটি দিচ্ছি এবং সেইভাবেই আমরা করছি। আপনি আগামী বছরের এসএসসি পরীক্ষা জানুয়ারিতে নেওয়ার একটি পরিকল্পনার কথা জানিয়েছিলেন। সেটি পেছানোর একটি আলোচনায় ইঙ্গিত এ রকম শুরু হয়েছে, সে বিষয়ে আপনার একটা সুস্পষ্ট বক্তব্য যদি জানান- এ বিষয়ে তিনি বলেন, এসএসসি পরীক্ষা তাদের সিলেবাস শেষ হয়ে যাচ্ছে আগামী জুনে। আমরা চেয়েছি ২০২৭-এর কোনো একটি সময়ে, হয় রোজার আগে বা রোজার পরে নেওয়া। আমরা স্টেকহোল্ডারদের সঙ্গে আলাপ করেছিলাম, সেইখানে সাজেশন এসেছে যে রোজার আগেই শেষ হয়ে যাক পরীক্ষাটা। সেই অর্থে আমরা ৭ জানুয়ারিতে শুরু করতে চেয়েছি এবং ৮ ফেব্রুয়ারিতে শেষ করতে চেয়েছি। বাট ইন দ্য মিন টাইম আপনারা রিঅ্যাক্ট করছেন, সেটা আমরা অবজার্ভ করছি। আমরা চাচ্ছিলাম যে পরীক্ষাটা হয়ে যাক এবং অনেকেই চাচ্ছে। অতএব আপাতত আমরা রুটিনও দিয়েছি, এটাই রয়েছে এবং আশা করছি এটাই থাকবে, যেহেতু স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করেছি। মন্ত্রী বলেন, পরবর্তী সময়ে যদি আপনারা সবাই মনে করেন, এক মাস আগানো-পেছানোতে আমাদের কিছু যাবে না। কিন্তু, ২০২৭-এ এসএসসি পরীক্ষার্থীদের বেইজ হিসেবে ধরে নিয়ে আমরা আগামী দিনের সেশন জট এবং ইউনিভার্সিটিগুলো তাদের টাইমলি তাদের কোর্স কারিকুলাম শেষ করতে হবে। অর্থাৎ থ্রি ইয়ার্স কোর্স থ্রি ইয়ার্স হবে, ফাইভ ইয়ার্স কোর্স ফাইভ ইয়ার্স হবে, কোনো রকম ডিলে, ওয়েটিং, সেশন জট চলবে না। অ্যাট দ্য সেম টাইম আমরা ইন্টারমিডিয়েট পরীক্ষাও একইভাবে সিনক্রোনাইজ করার চেষ্টা করছি, যেন কোনো রকম সময় নষ্ট না হয়। আপনারা জানেন, ১২ গ্রেড পড়তে আমাদের দেশে ১৮ বছর বয়স লাগার কথা, সেটাই লেগে যাচ্ছে ২০ ইয়ার্স ওল্ড হয়ে যায়। তো ডেমোগ্রাফিক ডিভিডেন্ডে আমরা অনেক পিছিয়ে যাচ্ছি, সেই জায়গাগুলো আমরা সুদৃষ্টি রেখেছি।

টিআইবির রিপোর্ট পেপার

প্রতিবেদনের বিষয়ে কোনো মন্তব্য করবেন না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, টিআইবির প্রতিবেদন শুধু পেপার কাটিংয়ের মাধ্যমে হয়ে থাকে, টিআইবি কোনো তদন্ত করে না, সেই বিষয়ে আমি কোনো মন্তব্য করতে চাই না। সোমবার (৮ জুন) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এর আগে রোববার (৭ জুন) টিআইবি এক গবেষণা প্রতিবেদন প্রকাশ করে। তাতে বলা হয়, বর্তমান সরকারের প্রথম ১০০ দিনে দেশে ৬০৫টি হত্যাকাণ্ড ঘটেছে। ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ২০৯ জন নারী ও শিশু। টিআইবির এই প্রতিবেদন সম্পর্কে জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমার সামনে সেই রিপোর্টটা (টিআইবি) নেই। আমরা মাস ভিত্তিতে অপরাধের স্টেটমেন্ট করে থাকি। ডাকাতি, খুন, হত্যা ও ধর্ষণের মতো অপরাধ তালিকাভুক্ত করা হয়। কয়েকদিন আগে আমার কাছে আরেকটি রিপোর্ট এসেছিল, সেখানে দেখেছি ২০২৫ সালের তুলনায় অপরাধের চিত্র বর্তমান সরকারের সময়ে অনেক বেশি উন্নতি লাভ করেছে, অনেক অপরাধ কম। টিআইবি বলছে বর্তমান পরিস্থিতি উদ্বেগজনক, আপনারা তাদের মূল্যায়ন নিচ্ছেন কি না- এমন প্রশ্নে তিনি বলেন, টিআইবি সরকারি সংস্থা না, টিআইবি রিপোর্ট করে পত্রিকার কাটিংয়ে, টিআইবি কোনো তদন্ত করে না। টিআইবি প্রকৃত ঘটনা জাজ করে তারপর কোনো স্টেটমেন্ট দেয় না। আমাদের সামনে রয়েছে পুলিশের অপরাধের তথ্য। জেলা থেকে আমরা তথ্য সংগ্রহ করি, এটাই প্রকৃত তথ্য। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পত্রিকায় অনেক খবর প্রকাশিত হয়, সেগুলো আমরাও নজরে আনি। পত্রিকায় প্রকাশিত প্রত্যেকেটটি ঘটনা যে সঠিক সে রকম বলা যাবে না। পত্রিকার লেখার স্বাধীনতা আছে, সেগুলো যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষার জন্য পাঠাই। সব পত্রিকার কাটিংগুলো সকালে না দেখতে পারলেও সারাদিনের মধ্যে দেখি। পরে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টকে পাঠাই। টিআইবি রিপোর্ট শুধু পেপার কাটিংয়ের মাধ্যমে হয়ে থাকে, সেই বিষয়ে আমি কোনো মন্তব্য করতে চাই না। মামলার তদন্তকারী কর্মকর্তা মাত্র ছয় হাজার টাকা পান। ভবিষ্যতে আপনারা তদন্তের টাকা বৃদ্ধি করবেন কি না- জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পুলিশের এই আর্থিক শঙ্কট আছে। আশা করি সামনের দিনে তদন্ত কার্যক্রম, পোস্টমর্টেম রিপোর্ট ও পুলিশি টহলের ক্ষেত্রে যেন বরাদ্দ পায়, সেক্ষেত্রে আমরা চেষ্টা করবো। আইনে রয়েছে পুলিশের কেউ ৬০ দিনের অধিক পলাতক থাকলে চাকরি থেকে বরখাস্ত করতে হবে, সেই উদ্যোগ আপনারা নেবেন কি না- এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এগুলো তদন্তের পর রিপোর্ট করে কর্মকর্তাভেদে প্রয়োজনে রাষ্ট্রপতি কর্তৃক স্বাক্ষরিত হতে হয়। সেগুলো চালু রয়েছে। যাদের কথা আপনারা (সাংবাদিক) ইশারা-ইঙ্গিতে বলেছেন তাদের প্রত্যেকের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। সেগুলো চলমান। কারোটা হয়তো সমাপ্তির পর্যায়ে। তাদের অনেকের বিরুদ্ধে আইসিটি আদালতে মামলা আছে। সেই মামলায় আইন মাফিক বিচারের সম্মুখীন হবে। পুলিশ বাহিনীর ভাবমূর্তির বিষয়ে তিনি বলেন, ভাবমূর্তি আপনারা (সাংবাদিক) ও জনগণ বিচার করবে। পুলিশ বাহিনীকে জনবান্ধন বাহিনী হিসেবে রূপান্তর করতে পেরেছি বলে আমার মনে হয়। নৈতিকভাবে পুলিশ সদস্যদের উৎসাহিত করা দরকার যেন পুলিশ বাহিনী জনপ্রত্যাশা অনুযায়ী, আইনের শাসন অনুযায়ী কাজ করে। ভালো কাজের জন্য স্বীকৃতি এবং মন্দ কাজের জন্য তিরস্কার। বাস্তবে সেটা প্রমাণ করতে সক্ষম হয়েছি।

এবার সিটি করপোরেশন

রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) প্রশাসক মো. মাহফুজুর রহমান। প্রধানমন্ত্রী তাঁর এই বিদেশ ভ্রমণের প্রস্তাবটি সরাসরি নাকচ করে দিয়েছেন। তবে রাজশাহী সিটি করপোরেশনের বিদ্যুৎ বিভাগের নির্বাহী প্রকৌশলী এ বি এম আসাদুজ্জামান সুইটের প্রস্তাবটি অনুমোদন করেছেন সরকারপ্রধান। সোমবার স্থানীয় সরকার বিভাগ থেকে পাঠানো এক সারসংক্ষেপের ওপর মন্তব্য করতে গিয়ে প্রধানমন্ত্রী এই সিদ্ধান্ত দেন। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে এ খবর জানা গেছে। সূত্রটি বলছে, সিগনিফাই বাংলাদেশ লিমিটেডের আমন্ত্রণে ফ্রান্সের আউটডোর লাইটিং অ্যাপ্লিকেশন সেন্টার পরিদর্শনের উদ্দেশ্যে এই দুই কর্মকর্তার বিদেশ সফরের আবেদন জমা পড়েছিল। এই প্রস্তাবের ওপর মন্তব্য করতে গিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, 'এ বিষয়ে কোনো প্রকৌশলী জ্ঞান আহরণ করলে তা রাজশাহী সিটি করপোরেশনের কাজে লাগবে। রাজশাহী সিটি করপোরেশনের প্রশাসক প্রকৌশলী নন, বিধায় তাঁর যাওয়া কোনো গুরুত্ব বহন করে না। এ সফরে শুধু প্রস্তাবিত নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) প্রয়োজনে যেতে পারেন।' একই সঙ্গে প্রধানমন্ত্রী ভবিষ্যতে এ ধরনের উদ্ভাবনী কাজের ক্ষেত্রে বুয়েট ও দেশের অন্যান্য প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কারিগরি সহযোগিতা নেওয়ার পরামর্শ দিয়েছেন। সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রগুলো জানায়, প্রধানমন্ত্রী মূলত রাষ্ট্রীয় যেকোনো উন্নয়নমূলক কাজে সংশ্লিষ্ট প্রকৃত বিশেষজ্ঞদের যুক্ত করার বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেন। যে কাজের সঙ্গে যাঁদের সরাসরি প্রাতিষ্ঠানিক বা পেশাগত কোনো সম্পর্ক নেই, তাঁদের বিদেশ ভ্রমণে পাঠিয়ে দেশের রাষ্ট্রীয় অর্থের অপচয় করার তীব্র বিরোধী তিনি। এর আগেও মশা নিয়ন্ত্রণব্যবস্থা সরাসরি পর্যবেক্ষণের জন্য চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ও অন্য কর্মকর্তাদের একটি যুক্তরাষ্ট্র সফরের প্রস্তাব একইভাবে নাকচ করে দিয়েছিলেন প্রধানমন্ত্রী।

হাম ও উপসর্গে

অধিদপ্তরের প্রতিবেদন অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম শনাক্ত হয়েছে ৯৩ জনের। এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৯ হাজার ৭৭৯ জন। শেষ ২৪ ঘণ্টায় ১ হাজার ৯২ জনের শরীরে হামের উপসর্গ পাওয়া গেছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত মোট সন্দেহভাজন সংক্রমণের সংখ্যা দাঁড়িয়েছে ৮০ হাজার ১০৪ জনে।

বরিশালে ডিআইজি কার্যালয় থেকে

উদ্ধার করার জন্য প্রথমে ডিআইজির রুমের ছাদের পার্টিশন ভাঙতে হয়েছে। সেখানে সাপ না পেয়ে ওপর দিক থেকে দেয়াল ভাঙতে হয়। পরে দেয়ালের ফাঁকে থাকা একজোড়া মৃদু বিষধর কালনাগিনী সাপ উদ্ধার করা হয়েছে। উদ্ধারের পর সাপ দুটি বন বিভাগের বরিশাল সদর রেঞ্জে হস্তান্তর করেছেন। সামাজিক বন বিভাগ বরিশাল সদর রেঞ্জের রেঞ্জ কর্মকর্তা আরিফ রহমান বলেন, এনিমেল লাভার্স অব কুয়াকাটার সদস্যরা সাপ দুটি উদ্ধার করেছে। বর্তমানে দুটি সাপ বন বিভাগের হেফাজতে রয়েছে। দুটি সাপই নিরাপদে অবমুক্ত করা হবে। বরিশাল রেঞ্জ ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান বলেন, কার্যালয়ের চারপাশে ঝোপঝাড়। হয়তো সেখান থেকেই সাপ দুটি কার্যালয়ে প্রবেশ করেছে। তবে উদ্ধারকারীরা সাপ দুটি নিরাপদে অবমুক্ত করবেন।

মেডিকেলের ইন্টার্ন চিকিৎসকদের

করাসহ ৬ দফা দাবি জানান তারা। এ দাবি দ্রুত সময়ে মেনে নেয়া না হলে আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তারা। বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, হাসপাতালের সেবা কার্যক্রম চলমান রয়েছে। তবে রোগীদের কাঙ্ক্ষিত সেবা দিতে কিছুটা বেগ পেতে হচ্ছে।

ভ্যাপসা গরমে পুড়ছে বরিশাল

আবহাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী, চলতি মাসে তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশ উঁচুতে থাকবে। এ মাসে তাপমাত্রা ৩৮ থেকে ৩৯ ডিগ্রি সেলসিয়াসে গিয়ে ঠেকতে পারে। তবে পরিবেশ ও নগর পরিকল্পনাবিদদের মতে, প্রকৃতির এই বিরূপ আচরণের পেছনে শুধু জলবায়ু পরিবর্তন নয়, বরং অপরিকল্পিত নগরায়ন ও যন্ত্রের অবাধ ব্যবহারই সবচেয়ে বেশি দায়ী। বরিশাল সিটি কর্পোরেশনের তথ্য বলছে, বর্তমানে নগরীর প্রায় ২৫ হাজার ভবনে গড় হিসেবে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের (এসি) সংখ্যা প্রায় পৌনে দুই লাখ। এসব এসি থেকে প্রতিদিন নির্গত কোটি কোটি কিউবিক ফুট গরম বাতাস পুরো শহরকে যেন একটি জ্বলন্ত ওভেনে পরিণত করেছে। নগরীর চকবাজার এলাকায় কথা হয় রিকশাচালক কালাম মিয়ার সঙ্গে; তিনি বলেন, 'রাস্তায় নামলে মনে হয় ওপর থেকে আগুন পড়ছে। আবার বড় বড় বিল্ডিংয়ের পাশ দিয়ে যখন যাই, মনে হয় গরম বাতাস গায়ে আইসা লাগে। রিকশা চালানোই এহন সবচেয়ে বেশি কষ্টের।' একই ক্ষোভ প্রকাশ করে বেসরকারি একটি প্র?তিষ্ঠানের চাকরিজীবী লামিয়া আক্তার বলেন, 'আগে বরিশালে এত গরম লাগত না। এখন রাস্তায় বের হলে দম বন্ধ হয়ে আসে। চারদিকে শুধু ইট-পাথর আর এসি। আমাদের মতো সাধারণ মানুষের জীবন এখন ওষ্ঠাগত।' নগরীর কৃত্রিম উত্তাপ ও অপরিকল্পিত বহুতল ভবন নির্মাণ নিয়ে উদ্বেগ প্রকাশ করে নগরপরিকল্পনাবিদ স্থপতি নূরুল হাসান সাক্ষর বলেন, 'আমাদের নগর পরিকল্পনায় মারাত্মক ত্রুটি রয়েছে। শহরে দিন দিন গাছপালা কমছে, আর তার জায়গা দখল করছে কাঁচ ঘেরা বহুতল ভবন। এই কাঁচের ভবনগুলো প্রচুর তাপ শোষণ করে। আবার ভেতরের কক্ষগুলো শীতল রাখতে মানুষ অবাধে এসি ব্যবহার করছে, যা বাইরের পরিবেশকে একটা জ্বলন্ত চুল্লিতে রূপান্তর করছে। আমাদের গ্রিন আর্কিটেকচার বা পরিবেশবান্ধব ভবনের দিকে দ্রুত নজর দেয়া উচিত।' এই সংকটের গভীরতা তুলে ধরে বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা), বরিশাল-এর সমন্বয়ক লিঙ্কন বায়েন বলেন, 'প্রকৃতির ওপর মানুষের এই অত্যাচারই এখন আমাদের দিকে তেড়ে আসছে। এসিগুলো থেকে নির্গত ক্লোরোফ্লোরো কার্বন পরিবেশের ওজোন স্তরের মারাত্মক ক্ষতি করছে, একইসঙ্গে এই উত্তপ্ত বাতাস ঘনবসতিপূর্ণ এলাকায় আটকে থেকে তৈরি করছে 'হিট আইল্যান্ড'। এ কারণে বাতাসে আর্দ্রতা ও গরমের অনুভূতি দুটোই তীব্র হচ্ছে।' আবহাওয়া অধিদফতর বরিশাল অফিসের উচ্চপর্যবেক্ষক আনিসুর রহমান বলেন, 'চলতি মাসে মৃদু তাপদাহ বইছে এবং মাসজুড়েই তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকার আশঙ্কা রয়েছে।' এ দিকে আবহাওয়া অধিদফতরের তথ্যমতে, কৃত্রিম উত্তাপে প্রতি বছর বরিশালে গড় তাপমাত্রা বাড়ছে দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত।

বরিশালের পৃথক স্থান

সিকদার বরিশাল থেকে বাড়ি ফিরে মেয়েকে ডাকাডাকি করলেও কোনো সাড়া পাননি। পরে স্ত্রীকে নিয়ে ঘরে প্রবেশ করে ইভাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। তাৎক্ষণিকভাবে তাকে উদ্ধার করা হলেও তার মৃত্যু হয়েছে বলে নিশ্চিত হন স্বজনরা। নিহতের চাচা আব্দুর রশিদ সিকদার জানান, আত্মহত্যার কারণ সম্পর্কে পরিবার কিছুই জানে না। পরিবারের সদস্যদের সঙ্গে ইভার কোনো বিরোধ বা কথাকাটাকাটির ঘটনাও ঘটেনি বলে তিনি দাবি করেন। খবর পেয়ে নলছিটি থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। নলছিটি থানার ওসি (তদন্ত) মো. আশরাফ আলী জানান, স্কুলছাত্রীর মরদেহ উদ্ধার করা হয়েছে। মৃত্যুর প্রকৃত কারণ নির্ণয়ে মরদেহ ময়নাতদন্তের জন্য ঝালকাঠি সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এদিকে বরগুনা সদর উপজেলার গৌরীচন্না খাল থেকে মো. শামীম বেপারী (৪০) নামে গরু ব্যবসায়ীর মাথাবিহীন লাশ উদ্ধার করেছে পুলিশ। সোমবার বেলা সাড়ে ১১টার দিকে গৌরীচন্না বাজার সংলগ্ন ব্রিজের পশ্চিম পাশের খালের কচুরিপানার ভেতর থেকে তার মরদেহ উদ্ধার হয়। স্থানীয়রা জানান, সকাল সাড়ে ১০টার দিকে খালের পাশে রক্তমাখা জামা ও জুতা পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেওয়া হয়। পরে বরগুনা সদর থানা ও জেলা গোয়েন্দা পুলিশের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে তল্লাশি শুরু করে। একপর্যায়ে খালের কচুরিপানার মধ্যে থেকে মাথাবিহীন একটি মরদেহ উদ্ধার করে। পরে মরদেহটি শামীমের বলে শনাক্ত করেন তার স্বজনেরা। শামীমের বাবা মনসুর আলী বেপারী জানান, শামীম রোববার সন্ধ্যায় বাসা থেকে বের হয়ে গৌরীচন্না বাজারে যায়। রাত ১১টার পর তার মোবাইল ফোন সেট বন্ধ থাকায় খোঁজাখুঁজি শুরু করেন তারা। তবে কী কারণে শামীমকে হত্যা করা হয়েছে বা কারা হত্যা করেছে এ বিষয়ে কিছু বলতে পারেনি তার বাবা। বরগুনা থানার ওসি আব্দুল আলীম বলেন, সুরতহাল শেষে মরদেহ মর্গে পাঠানো হবে। হত্যার রহস্য উদ্ঘাটনে গোয়েন্দা তৎপরতার পাশাপাশি পৃথকভাবে তদন্ত শুরু করেছে পুলিশ। এছাড়া পটুয়াখালীর বাউফলে বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলামের পচাগলা লাশ উদ্ধার করা হয়েছে। তার নিজ বাসা থেকে এ মরদেহ উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান, কয়েকদিন ধরে সিরাজুল ইসলামের কোনো খোঁজখবর পাওয়া যাচ্ছিল না। রোববার (৭ জুন) তার বাসা থেকে দুর্গন্ধ বের হতে থাকলে প্রতিবেশীদের সন্দেহ হয়। একপর্যায়ে তারা দরজা ভেঙে ঘরের ভেতরে প্রবেশ করে তাকে একটি চেয়ারের ওপর বসা অবস্থায় মৃত দেখতে পান। পরে স্থানীয়রা লাশ উদ্ধার করে। ধারণা করা হচ্ছে, মৃত্যুর অন্তত দুই দিন পর তার লাশ উদ্ধার করা হয়েছে। ওই সময় চেয়ারে বসা অবস্থায় লাশের পায়ের নিচে ফ্লোরে প্রচুর রক্ত পড়ে ছিল। পরিবার সূত্রে জানা গেছে, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলামের সন্তানরা সবাই চাকরিজীবী। ছেলে সোহাগ বাংলাদেশ বেতারে কর্মরত, আরেক ছেলে শহিদুল একটি ব্যাংকে চাকরি করেন এবং মেয়ে ইসরাত জাহান ঢাকায় খাদ্য বিভাগের কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। স্ত্রী নুরজাহান বেগমও সন্তানদের সঙ্গে ঢাকায় অবস্থান করতেন। ফলে সিরাজুল ইসলাম দীর্ঘদিন ধরে বাড়িতে প্রায় একাই বসবাস করতেন। মাঝে মাঝে ঢাকাতে যেতেন সন্তানদের কাছে। স্থানীয়দের মতে, পরিবারের সদস্যরা কর্মব্যস্ততার কারণে ঢাকায় থাকলেও বৃদ্ধ এই মুক্তিযোদ্ধা নিজ বাড়িতেই সময় কাটাতেন। তার এমন নিঃসঙ্গ মৃত্যু এলাকায় ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। এ বিষয়ে বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলামের ছেলে শহিদুল ইসলাম বলেছেন, 'আমি চাই না আমার বাবাকে নিয়ে কোনো নেতিবাচক বা বিভ্রান্তিকর সংবাদ প্রকাশ হোক। বাবা শুধু বাউফলেই থাকতেন না, তিনি ঢাকা ও বাউফল দুই জায়গাতেই সময় কাটাতেন। আমরা সবাই চাকরিসূত্রে ঢাকায় অবস্থান করি। সম্প্রতি তিনি ঢাকায় চিকিৎসা গ্রহণের পর বাড়িতে এসেছিলেন। সেখানেই এ মর্মান্তিক ঘটনা ঘটেছে।' বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেছেন, 'প্রাথমিকভাবে জানা গেছে, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম ডায়াবেটিসে আক্রান্ত ছিলেন। এ ছাড়া তার পায়ে একটি সংক্রমণ ছিল। পুলিশি আনুষ্ঠানিকতা শেষে রোববার রাতেই রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলামকে দাফন করা হয়েছে।' অপরদিকে মায়ের করা মামলায় বাবা কারাগারে, মা অবস্থান করছিলেন নানা বাড়িতে। আর একাই বসতঘরে থাকত ১৬ বছরের কিশোর তুহিন হাওলাদার। সোমবার (০৮ জুন) দুপুরে সেই ঘর থেকেই তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। ঘটনাটি ঘটেছে পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলার চরমোন্তাজ ইউনিয়নের পুরাতন বাজার সংলগ্ন এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, তুহিনের বাবা মনির হাওলাদার ও মা শেফালী বেগমের মধ্যে দীর্ঘদিন ধরে পারিবারিক বিরোধ চলছিল। ২০২৫ সালের শেষ দিকে শেফালী বেগম নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করলে মনির হাওলাদারকে কারাগারে যেতে হয়। ওই মামলায় তিনি এর আগে প্রায় দেড় মাস কারাভোগ করেন। সর্বশেষ কোরবানির ঈদের এক সপ্তাহ আগে আবারও কারাগারে যান। বর্তমানে তিনি কারাগারেই রয়েছেন। অন্যদিকে তুহিনের মা দক্ষিণ চরমোন্তাজে তার বাবার বাড়িতে অবস্থান করছিলেন। ফলে তুহিন বাড়িতে একাই থাকত বলে জানিয়েছেন স্থানীয়রা। পরিবারটির তিন সন্তানের মধ্যে তুহিন ছিল বড়। তার দুই ছোট বোনও মায়ের সঙ্গে নানা বাড়িতে ছিল। প্রতিবেশীরা জানান, সোমবার বেলা সাড়ে ১১টার দিকে দীর্ঘ সময় কোনো সাড়া-শব্দ না পেয়ে তাদের সন্দেহ হয়। পরে খোঁজ নিতে গিয়ে ঘরের ভেতরে গলায় গামছা পেঁচানো অবস্থায় তুহিনের ঝুলন্ত মরদেহ দেখতে পান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। তবে ঘটনাস্থলে গিয়ে কেউ দরজা খোলা দেখেছেন, আবার কেউ বলছেন দরজা বন্ধ ছিল। তুহিনের মা শেফালী বেগম বলেন, 'আমার ছেলে আমাকে কিছুই বলেনি। তার সঙ্গে কোনো কথাও হয়নি। মোবাইল ফোনও বন্ধ ছিল। আমার মেয়ে আমাকে বলছিল, ভাইয়ের মোবাইল বন্ধ।' তিনি আরও বলেন, 'কে জানি তার গাড়ি আটকেছিল। এর সপ্তাহখানেক আগে বাজারের এক ঘরে রাতে ঢুকেছিল। মেম্বারে (ইউপি সদস্য) সালিশিও করছে।' তবে কিশোরটির মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে এখনো নিশ্চিত হতে পারেনি পুলিশ। চরমোন্তাজ পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ বেলাল হোসেন বলেন, 'সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করে মরদেহ ময়নাতদন্তের জন্য পটুয়াখালী মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হবে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর কারণ সম্পর্কে বিস্তারিত জানা যাবে।' তিনি আরও বলেন, 'তুহিনের বাবা ও মায়ের মধ্যে সম্পর্ক ভাল ছিলো না। মায়ের মামলায় বাবা কারাগারে আছে।

নদীগ্রাসে ছোট হচ্ছে

প্রতি বছর বরিশালে লক্ষাধিক মানুষ বাস্তুহারা হচ্ছেন। পানি উন্নয়ন বোর্ডের তথ্য অনুযায়ী, বিভাগের ১০২ কিলোমিটার বাঁধ বর্তমানে চরম ঝুঁকির মধ্যে রয়েছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পাউবো) বরিশাল বিভাগ (দক্ষিণাঞ্চল)-এর প্রধান প্রকৌশলী মো. আবু বকর সিদ্দিক ভুঁইয়া বলেন, ঝুঁকিপূর্ণ এলাকাগুলো আমরা চিহ্নিত করেছি। জরুরি ভিত্তিতে ভাঙন রোধের পাশাপাশি স্থায়ী ও টেকসই বাঁধ নির্মাণের জন্য কয়েকটি বড় প্রকল্প প্রস্তুত করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। অনুমোদন পেলেই দ্রুত কাজ শুরু করা হবে।

বাবা-ছেলের বিরুদ্ধে প্রতারণা ও সাইবার

উপজেলার রাজিহার ইউনিয়নের বাসাইল গ্রামের বাসিন্দা। তিনি খুদে বার্তা ও মুঠোফোনে দেওয়া বক্তব্যে অভিযোগ করেন, তাকে বৈধ কম্পানির অফিসিয়াল কম্পিউটারভিত্তিক চাকরি, মাসিক প্রায় ১ লাখ ৫০ হাজার টাকা বেতন-কমিশন এবং এক বছরের ভিসা ও ওয়ার্ক পারমিটের আশ্বাস দেওয়া হয়েছিল। এসব প্রতিশ্রুতির ভিত্তিতে চার দফায় তার কাছ থেকে মোট ৬ লাখ ৫০ হাজার টাকা নেওয়া হয় বলে অভিযোগ করেন তিনি। কিন্তু কম্বোডিয়ায় পৌঁছানোর পর তিনি দেখতে পান, প্রতিশ্রুত চাকরির সঙ্গে বাস্তবতার কোনো মিল নেই। তার অভিযোগ, অফিসিয়াল চাকরির পরিবর্তে তাকে বিভিন্ন মানুষের সঙ্গে যোগাযোগ করে কথিত ঋণ (লোন) দেওয়ার প্রলোভন দেখিয়ে অর্থ আদায়ের কাজে ব্যবহার করা হয়। ?আরিফের দাবি, তাকে এক বছরের ভিসা দেওয়ার কথা থাকলেও মাত্র তিন মাসের ভিসা দেওয়া হয়। পরে ওয়ার্ক পারমিট ও ভিসার বিষয়ে জানতে চাইলে তাকে মারধর করা হয় এবং ভয়ভীতি দেখানো হয়। তিনি অভিযোগ করেন, তার পাসপোর্ট তাদের নিয়ন্ত্রণে। চার মাসের বেশি সময় কাজ করার পরও তার পাওনা বেতনের বড় অংশ পরিশোধ করা হয়নি। বর্তমানে তিনি ৫ লাখ ৪৩ হাজার টাকা বেতন পাওনা রয়েছেন বলে দাবি করেন। তার ভাষ্যমতে, বেতন ও বৈধ কাগজপত্রের দাবি জানালে তার ওপর শারীরিক ও মানসিক নির্যাতনের মাত্রা আরও বেড়ে যায়। এদিকে একই ধরনের অভিযোগ করেছেন আগৈলঝাড়া উপজেলার গৈলা ইউনিয়নের পূর্ব সুজনকাঠী গ্রামের বাসিন্দা সৌরভ মোল্লা। তার পরিবারের দাবি, সৌরভকে বিদেশে পাঠানোর জন্য মোট ৬ লাখ ৮৫ হাজার টাকা নেওয়া হয়। তাকে বৈধ প্রতিষ্ঠানে অফিসিয়াল চাকরি ও মাসিক এক লাখ টাকা বেতনের আশ্বাস দেওয়া হয়েছিল।কিন্তু প্রায় ৫ মাস অতিবাহিত হলেও তাকে কোনো বেতন দেওয়া হয়নি বলে অভিযোগ রয়েছে। বরং বিদেশে থাকা অবস্থায় তার খরচ চালানোর জন্য পরিবারকে বাংলাদেশ থেকে কয়েক দফায় টাকা পাঠাতে হয়েছে। আরিফ অভিযোগ করেন, কম্বোডিয়ায় গিয়ে তিনি কামাল হোসেন ও সিয়ামের এমন একটি চক্রের কার্যক্রম দেখতে পান, যারা বিভিন্ন ধরনের সাইবার প্রতারণামূলক কর্মকাণ্ড পরিচালনা করে। তার দাবি অনুযায়ী, চক্রটি বিভিন্ন ব্যাংকের নাম ব্যবহার করে ঋণ দেওয়ার প্রলোভন দেখিয়ে অর্থ আদায়, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (বিকাশ-নগদ) সংক্রান্ত প্রতারণা, ব্যাংক অ্যাকাউন্ট হ্যাকিং, সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া পরিচয়ে প্রতারণা এবং ভিডিও কলের মাধ্যমে ব্ল্যাকমেইলিংয়ের মতো অপরাধে জড়িত। তিনি আরও দাবি করেন, চক্রটির অধীনে একাধিক টিম কাজ করে এবং তাকেও এসব কর্মকাণ্ডে অংশ নিতে বাধ্য করা হয়েছে। এতে আপত্তি জানালে এবং নিজের পাওনা বেতন ও বৈধ কাগজপত্র দাবি করলে তার ওপর নির্যাতন বাড়ানো হয়। আরিফের অভিযোগ, এসব কর্মকাণ্ড সম্পর্কে কাউকে কিছু জানালে তাকে দেশে ফিরতে দেওয়া হবে না এবং প্রাণনাশের ঝুঁকি রয়েছে বলে হুমকি দেওয়া হয়েছে। আরিফের মা কান্নাজড়িত কণ্ঠে বলেন, আমার স্বামী মারা যাওয়ার পর আমার ছেলে আরিফই সংসারের একমাত্র ভরসা হয়ে দাঁড়ায়। অনেক কষ্টে ধার-দেনা করে, জমিজমা ও সহায়-সম্বল বিক্রি করে তাকে বিদেশ পাঠিয়েছি। কিন্তু দালালদের খপ্পরে পড়ে আমরা সর্বস্বান্ত হয়ে গেছি। আমার ছেলে এখন কম্বোডিয়ায় অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। তাকে মারধর করা হয়েছে, মানসিক নির্যাতন করা হয়েছে এবং তার প্রাপ্য বেতনও দেওয়া হয়নি। আমি সরকারের কাছে আকুল আবেদন জানাচ্ছি, আমার ছেলেকে নিরাপদে দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক এবং জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হোক।" সৌরভের বাবা মো. জাহাঙ্গীর মোল্লা অভিযোগ করে বলেন, ভাগ্যের চাকা বদলের আশায় ধার-দেনা করে ও জমিজমা বিক্রি করে ছেলেকে বিদেশ পাঠিয়েছি। দালালের চক্করে পড়ে আজ আমি সর্বস্বান্ত। প্রায় ছয় মাস হয়ে গেছে, আমার ছেলে কোনো বেতন পায়নি। উল্টো তার খরচের জন্য দেশ থেকে টাকা পাঠাতে হয়েছে। আমার ছেলেকে বৈধ কোম্পানির অফিসিয়াল কাজ দেওয়ার কথা ছিল, কিন্তু তাকে বিভিন্ন অনৈতিক ও অবৈধ কাজে ব্যবহার করা হচ্ছে বলে জানতে পেরেছি। আমি প্রশাসনের কাছে জোর দাবি জানাচ্ছি, আমার ছেলেকে নিরাপদে দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক।" এ ঘটনায় ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিখন বণিকের নিকট লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগে বিদেশে চাকরির নামে প্রতারণা, অর্থ আত্মসাৎ, বেতন বঞ্চনা, শারীরিক ও মানসিক নির্যাতন এবং ভুক্তভোগীদের নিরাপত্তা নিশ্চিত করে দেশে ফিরিয়ে আনার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করা হয়েছে। এ বিষয়ে আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিখন বণিক বলেন, ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করা হবে। অভিযোগের বিষয়গুলো তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।" স্থানীয় সচেতন মহলের মতে, অভিযোগগুলো সত্য প্রমাণিত হলে এটি শুধু দুই প্রবাসী যুবকের সঙ্গে প্রতারণার ঘটনা নয়; বরং বিদেশের মাটিতে বসে সংঘবদ্ধ সাইবার অপরাধ, মানবপাচার-সদৃশ কার্যক্রম এবং আন্তর্জাতিক প্রতারণা চক্রের ভয়াবহ চিত্রও সামনে আনতে পারে। তাদের মতে, এ ধরনের কর্মকাণ্ড বাংলাদেশের আন্তর্জাতিক ভাবমূর্তি ক্ষুণ্ন করার পাশাপাশি বৈধ প্রবাসী শ্রমিকদের কর্মসংস্থান, নিরাপত্তা এবং বিদেশে বাংলাদেশের শ্রমবাজারের জন্য বড় হুমকি। তারা অবিলম্বে বিষয়টি তদন্ত করে ভুক্তভোগীদের নিরাপত্তা নিশ্চিত করা, পাওনা অর্থ আদায়ে সহায়তা করা, প্রয়োজনীয় কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ এবং অভিযোগের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। সচেতন মহলের দাবি, অভিযোগগুলোর বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিএমইটি, সিআইডি, পুলিশ, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কম্বোডিয়ায় বাংলাদেশের সংশ্লিষ্ট কূটনৈতিক মিশনের সমন্বিত তদন্ত প্রয়োজন। একই সঙ্গে দুই ভুক্তভোগীর নিরাপত্তা নিশ্চিত করে তাদের দ্রুত দেশে ফিরিয়ে আনার কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হয়েছে। অভিযোগের বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত ছিয়াম হোসেন মুঠোফোনে বলেন, ভুক্তভোগী আরিফকে তিনি বিদেশে পাঠানোর ব্যবস্থা করেছেন এবং অপর ভুক্তভোগী সৌরভকে তার বাবা কামাল হোসেন বিদেশে নিয়েছেন। দুই যুবককে জোরপূর্বক অবৈধ বা প্রতারণামূলক কর্মকাণ্ডে যুক্ত করার অভিযোগের বিষয়ে তিনি দাবি করেন, তাদেরকে কনস্ট্রাকশন (নির্মাণ) খাতে কাজের উদ্দেশ্যে ভিসা দেওয়া হয়েছিল। তবে কম্বোডিয়ায় যাওয়ার পর তারা নির্মাণকাজে যুক্ত না হয়ে নিজেরাই অনলাইনভিত্তিক প্রতারণামূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছেন বলে অভিযোগ করেন তিনি। তবে ভুক্তভোগীদের অভিযোগ অনুযায়ী দীর্ঘ সময় ধরে বেতন-ভাতা পরিশোধ না করা, পাওনা অর্থ আটকে রাখা এবং আর্থিক লেনদেনের বিষয়ে জানতে চাইলে তিনি এ বিষয়ে কোনো সুস্পষ্ট বক্তব্য দেননি এবং প্রশ্ন এড়িয়ে যান। অন্যদিকে, ভুক্তভোগীদের পাসপোর্ট ও অন্যান্য বৈধ কাগজপত্র নিজেদের হেফাজতে রেখে দেওয়া, শারীরিক ও মানসিক নির্যাতন চালানো এবং ভয়ভীতি প্রদর্শনের অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেন ছিয়াম হোসেন। তিনি দাবি করেন, তার বিরুদ্ধে আনা এসব অভিযোগ সঠিক নয়।

ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা

মানিক মিয়ার রুহের মাগ ফিরাত কামনা করে দোয়া মোনাজাত পরিচালনা করেন কলেজের সহকারী অধ্যাপক মো. নুরুল হক। আলোচনা সভায় জেষ্ঠ্য বক্তারা তফাজ্জল হোসেন মানিক মিয়ার কর্মময় জীবনের নানা দিক নিয়ে আলোচনা কালে বলেন, দেশ স্বাধীনে জনমত গড়তে তিনি যেমন সামনের সারির অকুতভয় কলম যোদ্ধা তেমনি পিছনে ছিলেন রাজনৈতিক পরামর্শক। ১৯৪৭,'৫২,বিষেশ করে '৬৬র ছয় দফা আন্দোলনের রোড ম্যাপ মানিক মিয়ার ঢাকার ধানমন্ডির বাসায় বসে তার সহধর্মীণি মাজেদা বেগমের হাতের চা খেতে খেতেই তৈরি করা হয়। বিভিন্ন সময় লেখনিতে মানিক মিয়ার অসামান্য অবদানের জন্য ১৯৬৩সালে তাকে আন্তর্জাতিক প্রেসইনিস্টিটিউটের সেক্রেটারী করা হয়। অসাম্প্রদায়ীক এই সাংবাদিক এবং রাজনীতিক কে ১৯৬৯'র ২৬মে রাওয়াল পিন্ডিতে হিন্দু মুসলিম দাঙ্গা নিরসনের জন্য তাকে পিন্ডিতে পাঠানো হয়। নানা সময়ে স্বাধীনতার ইতিহাস বিকৃতির চেষ্টা করা হয়। যা অত্যন্ত দুঃখ জনক! ইতহাস মুছে ফেলা যায়না। বিশ্বের সকল বিপ্লবের পিছনে কলম ই ছিল বিশেষ হাতিয়ার। এসময় জেষ্ঠ্য বক্তারা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন,তফজ্জল হোসেন মানিক মিয়ার জীবনাদর্শ এবং তার লেখা 'সংবাদ পত্রের স্বাধীনতা এবং পাকিস্তানী রাজনীতির ২০বছর'লেখা বই পড়ে জ্ঞানার্জন করে তোমরাও ভবিষ্যতে একটি সুন্দর বসবাসযোগ্য টেকসই দেশ গড়তে সাহায্য করবে । এটাই হবে তার মৃত্যু বার্ষিকী পালনের বিশেষ তাৎপর্য। এদিক ভাণ্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক,কর্মচারী এবং শিক্ষার্থীদের উদ্যোগে দিসটি পৃথক ভাবে অনুরূপ কর্মসূচির মধ্য দিয়ে পালন করা হয়। এ উপলক্ষে সকাল ১০টায় স্কুল মিলনায়তনে আলোচনা সভা এবং মিলাদ মাহফিল ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মনির হোসেন হাওলাদার। তফাজ্জল হোসেন মানিক মিয়ার রুহের মাগ ফিরাত কামনা করে দোয়া মোনাজাত পরিচালনা করেন বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মাওলানা মোহাম্মদ ইউনুস আলী। প্রসঙ্গত; গত ১জুন ছিল তার ৫৭তম মৃত্যু বার্ষিকী।

জনগণ বাজেট বাস্তবায়নে

মাধ্যমে পাচার হয়ে যায়। এই ধারা রোধ করতেই হবে। তিনি আরও বলেন, বাজেট কেবল অর্থনৈতিক পরিকল্পনা নয় বরং জনগণের দায়বদ্ধতার অঙ্গীকার। জনগণের করের টাকায় বাজেট হয়, ঋণও জনগণের ওপরে চাপানো হয়। কিন্তু জনগণ এই বাজেটের সুবিধা কতটা পাচ্ছে তা বিবেচনায় নেওয়া হয় না। বাজেটে যে সুবিধা জনগণের পাওয়ার কথা বলা হয় তাও জনগণের কাছে পৌঁছায় না দুর্নীতিগ্রস্ত সামগ্রিক সিস্টেমের কারণে। তাই বাজেট যথাযথভাবে বাস্তবায়িত হতে হলে শুধু নেতা নয় নীতির পরিবর্তনও ঘটাতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরগুনা-১ আসনের সংসদ সদস্য মাহমুদুল হাসান অলিউল্লাহ, চর্চার সম্পাদক ও সাংবাদিক সোহবার হোসেন, সাবেক রাষ্ট্রদূত গোলাম মসিহ, ক্যাবের কো-অর্ডিনেটর ইঞ্জিনিয়ার এম এ এম গোলাম কিবরিয়া, ইসলামিক চেম্বার অব কমার্সের সদস্য সচিব মোফাজ্জল ইবনে মাহফুজ প্রমুখ।

প্রধান শিক্ষকের বিরুদ্ধে

প্রতিক্রিয়া দেখা দিয়েছে। প্রধান শিক্ষক বিরুদ্ধে অভিযোগ, বিদ্যালয়ের একটি ভবনে প্রায় ২০ বছরের নতুন-পুরাতন বই এবং বিভিন্ন আসবাবপত্র সংরক্ষিত ছিল। সোমবার দুপুরে প্রধান শিক্ষক প্রশাসন ও বিদ্যালয় পরিচালনা কমিটির অনুমোদন ছাড়াই ওইসব বই ও আসবাবপত্রে আগুন দেন। এতে বিদ্যালয় এলাকায় ধোঁয়ার সৃষ্টি হয় এবং বিষয়টি নিয়ে শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে উদ্বেগ দেখা দেয়। স্থানীয়রা জানায়, প্রধান শিক্ষক মো. শাহ আলম কবিরের বিরুদ্ধে বিদ্যালয়ের অর্থ আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশনে (দুদক) একটি মামলা চলমান রয়েছে। অভিযোগকারীদের দাবি, কোনো ধরনের অনিয়ম বা দুর্নীতির আলামত নষ্ট করার উদ্দেশ্যেই বই ও অন্যান্য সামগ্রী পুড়িয়ে ফেলা হয়েছে। তবে এ অভিযোগের পক্ষে তাৎক্ষণিকভাবে কোনো প্রমাণ পাওয়া যায়নি। বিদ্যালয়ের শিক্ষার্থী লামিয়া ও জান্নাতি অভিযোগ করে বলেন, “অনেক নতুন ও পুরাতন বই আগুনে পুড়িয়ে ফেলা হয়েছে। এতে পুরো বিদ্যালয় ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে যায়”। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানান, প্রধান শিক্ষক কাউকে অবহিত না করেই বই পুড়িয়ে ফেলেছেন। বিষয়টির সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত কারণ উদঘাটনের দাবি জানান তারা। তবে অভিযোগ অস্বীকার করে প্রধান শিক্ষক মো. শাহ আলম কবির বলেন, “উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কিছু পুরাতন বই ও অপ্রয়োজনীয় আসবাবপত্র পুড়িয়ে ফেলা হয়েছে। কোনো নতুন বই ধ্বংস করা হয়নি”। বই ও আসবাবপত্র ধ্বংসের আগে উপজেলা প্রশাসন বা বিদ্যালয় পরিচালনা কমিটির অনুমোদন নেওয়া হয়েছিল কি-না এমন প্রশ্নের সরাসরি উত্তর দেননি তিনি। এ বিষয়ে আমতলী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সুপারভাইজার মো. গোলাম মাহমুদ সেলিম বলেন, “বই পুড়িয়ে ফেলার বিষয়ে প্রধান শিক্ষক আমাকে বা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অবহিত করেননি”। আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. আশরাফুল ইসলাম বলেন, “বিষয়টি মাধ্যমিক শিক্ষা অফিসের সঙ্গে কথা বলে খতিয়ে দেখা হবে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে”।

কলাপাড়ায় মাদক পরিবহনের

পরিবহনের অপরাধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৪২(১) ধারায় ৪ জনকে একমাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা জরিমানা অনাদায়ে আরও ৭ দিন বিনাশ্রম কারাদণ্ড এবং মো. রাসেলকে ১৪ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা জরিমানা অনাদায়ে আরও ৭ দিন বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পটুয়াখালীর সদস্যরা এই অভিযানে সহায়তা করেন। মাদক বিরোধী এই অভিযান অব্যাহত থাকবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

৯৩ লাখ পশু কোরবানি, চামড়া

চামড়া আসা শুরু হয়েছে। সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে এমন তথ্য পাওয়া গেছে। জানতে চাইলে বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের (বিটিএ) চেয়ারম্যান মো. শাহীন আহমেদ বলেন, ‘আমাদের ধারণা, এবার প্রায় ৮০ লাখের মতো পশু কোরবানি হয়েছে। সাভারের চামড়া শিল্পনগরীতে এখন পর্যন্ত মূলত ঢাকার চামড়াগুলোই এসেছে। ঢাকার বাইরের চামড়া আসা শুরু হয়েছে, তবে বড় পরিসরে আসতে আরও দুই-চার দিন সময় লাগবে। এখন পর্যন্ত সাভারের শিল্পনগরীতে প্রায় ছয় লাখ পিস চামড়া এসেছে।’ ‘৮০ লাখ পশুর মধ্যে ৫০ লাখ গরু এবং প্রায় ৩০ লাখ ছাগল ও অন্যান্য পশু কোরবানি হয়েছে। ফলে আমরা ধারণা করছি, গরুর প্রায় ৪৮ লাখ পিস চামড়া সংগ্রহ করা সম্ভব হবে। আর ছাগলের অর্ধেকের বেশি চামড়া নষ্ট হয়ে গেছে। ছাগলসহ অন্যান্য পশুর ৩০ লাখ পিস চামড়ার মধ্যে অনেক চামড়া নষ্ট হয়ে যাওয়ায় ১৫ থেকে ২০ লাখ পিস সংগ্রহ করা যাবে।’ বিটিএ চেয়ারম্যান আরও বলেন, ‘এ বছর গরুর প্রায় ৪৮ লাখ পিস এবং ছাগলের ১৫ থেকে ২০ লাখ পিস ধরলে ৬৩ থেকে ৬৮ লাখ পিস অর্থাৎ প্রায় ৭০ লাখ পিস চামড়া সংগ্রহ হতে পারে। গত বছর প্রায় ৯১ লাখ পিস চামড়া সংগ্রহ হয়েছিল। সে তুলনায় এবার কোরবানির সংখ্যা যেমন কিছুটা কম হয়েছে, তেমনি সংগ্রহও কম হতে পারে।’ জানতে চাইলে বিটিএর সিনিয়র ভাইস চেয়ারম্যান ও সালমা ট্যানারির স্বত্বাধিকারী মো. সাখাওয়াত উল্লাহ বলেন, ‘এবার ঈদের দিন ও ঈদের পরের দিন মিলিয়ে সাভারের চামড়া শিল্পনগরীতে প্রায় ৫ লাখ ৪১ হাজার পিস কোরবানির পশুর চামড়া সংরক্ষণ করা হয়েছে। এছাড়া ঢাকার বাইরেও আবহাওয়া অনুকূলে থাকায় চামড়া সংগ্রহ কার্যক্রম মোটের ওপর ভালো হয়েছে। বিচ্ছিন্নভাবে অল্প কিছু চামড়া নষ্ট হওয়ার খবর পাওয়া গেলেও উল্লেখযোগ্য কোনো ক্ষয়ক্ষতির তথ্য আমাদের কাছে আসেনি।’ কোটি পিস চামড়া সংগ্রহের লক্ষ্য থাকলেও কেন সংগ্রহ কম হবে এর কারণ জানতে চাইলে মো. সাখাওয়াত উল্লাহ বলেন, ‘কিছু চামড়া নষ্ট হয়েছে। এখনও পুরোপুরি চামড়া আসা শুরু হয়নি। আমরা মনে হয় না, চামড়া সংগ্রহ গতবারের চেয়ে কম হবে। ছাগলের কিছু চামড়া নষ্ট হওয়ার কারণে মনে করা হচ্ছে, চামড়া সংগ্রহ কিছুটা কম হবে।’ ‘আমাদের ধারণা ছিলো প্রতিবছর কোরবানি আট থেকে দশ শতাংশ হারে বাড়ে। আমরা ধারণা করেছিলাম এক কোটি পিস চামড়া সংগ্রহ করতে পারবো। গত বছর ৯১ লাখ পিস চামড়া সংগ্রহ হয়। পাঁচ থেকে ছয় শতাংশ বাড়লেও সেটি হয়তো ৯৮ বা ৯৯ লাখ পিস হয়ে যেতো। কিন্তু কোরবানিতে তুলনামূলক সেভাবে প্রবৃদ্ধি হয়নি। কিছুটা বাড়লেও সেটি প্রায় গতবছরের কাছাকাছিই হয়েছে।’ বলছিলেন সাখাওয়াত উল্লাহ। দেশে এবার ৯৩ লাখ পশু কোরবানি হয়েছে বলে জানিয়েছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। সম্প্রতি এক প্রেস ব্রিফিংয়ে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু জানান, এ বছর ৯৩ লাখ ৬৭ হাজার ৪১৮টি পশু কোরবানি হয়েছে। পশুর চাহিদা নির্ধারণ করা হয়েছিল ১ কোটি ১ লাখ ৬ হাজার ৩৩৪টি। বিপরীতে দেশে কোরবানিযোগ্য পশুর প্রাপ্যতা ছিল ১ কোটি ২৩ লাখ ৩৩ হাজার ৮৪০টি। কোরবানি শেষে দেশে ২৯ লাখ ৬৬ হাজার ৪২২টি পশু উদ্বৃত্ত রয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের হিসাবে, এবার ৪৮ লাখ ৬৪ হাজার ১৫৮টি গরু ও মহিষ কোরবানি হয়েছে। ছাগল ও ভেড়া ৪৫ লাখ ২ হাজার ২৩৩টি এবং অন্যান্য পশু ১ হাজার ২৭টি কোরবানি করা হয়েছে। গত বছর গরু ও মহিষ ৪৭ লাখ ৫ হাজার ১০৬টি, ছাগল ও ভেড়া ৪৪ লাখ ৩০ হাজার ৬৬৮টি এবং অন্যান্য ৯৬০টি পশু কোরবানি করা হয়। সেই হিসাবে ১ লাখ ৫৯ হাজার ৫২টি বেশি গরু বা মহিষ কোরবানি হয়েছে। আর ছাগল ভেড়া বেড়েছে ৭১ হাজার ৫৬৫টি।

মাছ ধরতে গিয়ে

ধরা শেষে সকাল সাড়ে ১০টার দিকে বাড়ি ফেরার পথে হঠাৎ কালবৈশাখি ঝড়ের সঙ্গে বজ্রপাত শুরু হয়। এসময় বজ্রপাতে তিনি গুরুতর আহত হন। পরে সঙ্গে থাকা জেলেরা তাকে কুয়াকাটা ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহতের ছেলে মো. মেহেদী হাসান বলেন, পরিবারের পক্ষ থেকে কারো বিরুদ্ধে কোনো অভিযোগ না থাকায় বিষয়টি আইনানুগ প্রক্রিয়ার জন্য মহিপুর থানাকে জানানো হয়েছে। বর্তমানে মরদেহ বাড়িতে রাখা হয়েছে। মহিপুর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) অনিমেষ হালদার বলেন, ঘটনার বিষয়ে অবগত হয়েছি। প্রয়োজনীয় খোঁজখবর নেওয়া হচ্ছে এবং আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

বন্ধুদের ঈদে জমানো টাকায়

সমাগম এই বন্দর এলাকা ঘিরে। এই বন্দর এলাকায় ব্যবসা করেন স্বজল সূত্রধর (২৫), সোহেল চৌকিদার (২৯) এবং সোহাগ (৩৫) নামের তিন বন্ধু। তারা তিনজনেই আর্জেন্টিনা আর লিওনেল মেসির ভক্ত। আর সেই ভালোবাসা থেকে তিন বন্ধু মিলে নিজ হাতে আর্জেন্টিনার পতাকায় সাজিয়েছেন পুরো লঞ্চঘাট ঘাট। তিন বন্ধু জানান, গেল ঈদুল আজহায় নিজেদের ঈদের খরচ বাঁচিয়ে তিন বন্ধু মিলে ১০ হাজার টাকা ব্যয় করে আর্জেন্টিনার বিশাল পতাকা, ফেস্টুন আর ব্যানার বানিয়েছেন। তা দিয়েই পুরো লঞ্চঘাটের পন্টুন এবং যাত্রী ছাউনি সাজিয়েছেন। উদ্যোক্তা স্বজল সূত্রধর বলেন, মেসির খেলা দেখে আর্জেন্টিনার প্রেমে পড়েছি। ভালোবাসার দলটির জন্য আমরা সব করতে পারি। ঈদের খরচ বাঁচিয়ে তিন বন্ধু মিলে ঠিক করলাম, আমাদের এই ঘাটটাই সাজাবো। যাতে দূর থেকে সবাই বোঝে, এটা আর্জেন্টিনার এলাকা। আর্জেন্টিনার পতাকায় ঘাট সাজানোর পর স্থানীয় ব্রাজিল সমর্থকদের টিপ্পনী আর ‘চোখ রাঙানি’ সহ্য করতে হয়েছে বলেও জানান সজল। তবে বিষয়টিকে তারা বন্ধুত্বপূর্ণ প্রতিদ্বন্দ্বিতা হিসেবেই দেখছেন। ‘এটা তো ভালোবাসার লড়াই। মাঠের খেলার মতোই ঘাটে ঘাটে লড়াই চলবে,’ হাসতে হাসতে বলেন তিনি। উলানিয়া লঞ্চঘাটের ইজারাদার সৈয়দ আকবর আলী বিষয়টিকে ইতিবাচকভাবেই দেখছেন। তিনি বলেন, আমাদের ছোট ভাইরা আর্জেন্টিনার সমর্থক। আবেগ থেকে ঘাটটি সুন্দর করে সাজিয়েছে। এতে আমাদের আপত্তির কিছু নেই। বরং বিশ্বকাপের যে উন্মাদনা, সেটা উলানিয়াতেও ছড়িয়ে পড়েছে- এটাই বড় কথা। ঘাটের সৌন্দর্যও বেড়েছে। বিশ্বকাপের মাসখানেক আগের সেই পরিচিত দৃশ্য এখনই ফিরেছে উলানিয়ায়। প্রতিদিন শত শত যাত্রী লঞ্চ থেকে নেমেই সাদা-আকাশী নীল ক্যানভাসের সামনে দাঁড়িয়ে ছবি তুলছেন। স্থানীয় চায়ের দোকান থেকে বাজারের আড্ডা- সবখানেই এখন আলোচনার কেন্দ্রে ‘মেসির ঘাট’। স্থানীয়রা বলছেন, এই উদ্যোগের পর এখন ব্রাজিল সমর্থকরাও পাল্টা জবাব দেওয়ার প্রস্তুতি নিচ্ছে। অর্থাৎ মাঠের লড়াইয়ের আগেই মেহেন্দিগঞ্জে শুরু হয়ে গেছে সমর্থকদের জমজমাট লড়াই।

ঝালকাঠিতে ইয়াবাসহ

আটক করা হয়। পরে তার দেহ তল্লাশি করে সাদা পলিথিনে মোড়ানো ২০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকের আনুমানিক বাজারমূল্য প্রায় ৬ হাজার টাকা। এ ঘটনায় ডিবি পুলিশের এসআই (নি.) মো. তারিফুল ইসলাম বাদী হয়ে সুমনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় ঝালকাঠি সদর থানায় মামলা দায়ের করেন। অন্যদিকে, মাদকসহ গ্রেফতারের খবর প্রকাশের পর মন্দির কর্তৃপক্ষ জরুরি বৈঠক করে সুমন চক্রবর্তীকে পুরোহিতের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়। কালীবাড়ি মন্দির কমিটির সভাপতি অসীম রঞ্জন রায় বলেন, সুমন চক্রবর্তী মাদক ব্যবসার সঙ্গে জড়িত ছিলেন এ তথ্য তাদের জানা ছিল না। গ্রেফতারের খবর পাওয়ার পর কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তাকে পুরোহিতের দায়িত্ব থেকে বহিষ্কার করা হয়েছে। ঝালকাঠি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদ হাসান জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের করা মামলায় সোমবার সকালে সুমন চক্রবর্তীকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

আদালতের নিষেধাজ্ঞা উপেক্ষা করে টোল

একইসঙ্গে পৌরসভা বিধিমালার ৯৮ ধারার ৭ নম্বর উপধারায় পৌর কর্তৃপক্ষ নির্মিত টার্মিনাল ছাড়া পার্কিং ফি বা টোল আদায়ের সুযোগ নেই বলে উল্লেখ রয়েছে। সরেজমিনে লালমোহন হাসপাতালের সামনে ট্রাক ও অন্যান্য যানবাহন থেকে টোল আদায়ের দৃশ্য দেখা গেছে। আদায়কারীদের কাছে এ বিষয়ে জানতে চাইলে তারা জানান, পৌরসভার কাছ থেকে বৈধ ইজারা নিয়ে তারা টাকা আদায় করছেন। তাদের ভাষ্য, আমরা পত্রিকার বিজ্ঞপ্তি দেখে আবেদন করে দরপত্রের মাধ্যমে ইজারা নিয়েছি। পৌরসভা আমাদের ইজারা দিয়েছে বলেই টাকা আদায় করছি। যদি কোনো আইনগত জটিলতা থাকে, তাহলে তার জবাব পৌর কর্তৃপক্ষই দিতে পারবে। অনুসন্ধানে জানা গেছে, প্রথম শ্রেণির পৌরসভা হওয়া সত্ত্বেও লালমোহন পৌরসভার নিজস্ব কোনো টার্মিনাল নেই। অথচ ইজারার শর্তে যানবাহন থেকে ফি আদায়ের সুযোগ রাখা হয়েছে। স্থানীয় সচেতন মহলের প্রশ্ন, টার্মিনাল না থাকলে কোন আইন বা বিধানের আওতায় মহাসড়কসংলগ্ন স্থান ইজারা দেওয়া হলো? আদালতের নির্দেশনা কার্যকর থাকা অবস্থায় এমন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা পৌর প্রশাসন কোথা থেকে পেল? এ বিষয়ে জানতে চাইলে লালমোহন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর প্রশাসক মোহাম্মদ সিফাত বিন সাদেক বলেন, আদালতের নিষেধাজ্ঞার বিষয় আমার জানা নেই। এছাড়া দরপত্র আহ্বানসহ সংশ্লিষ্ট কার্যক্রম আমার পূর্ববর্তী প্রশাসকের সময়ে সম্পন্ন হয়েছে। আমার জানামতে, কমিটির অনুমোদনের মাধ্যমে বিষয়টি করা হয়েছে। তবে পৌরসভার কোনো টার্মিনাল না থাকা সত্ত্বেও কীভাবে টার্মিনালের নামে বা মহাসড়কে টোল আদায়ের ইজারা দেওয়া হয়েছে- এ প্রশ্নের সরাসরি উত্তর তিনি দেননি।

পুশ ইন ঠেকাতে ভারতকে ১২-১৩টি চিঠি

সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এসব তথ্য জানান প্রতিমন্ত্রী। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ভারতের পুশ ইনের চেষ্টা বিজিবি শক্তভাবে প্রতিহত করছে। নিয়ম না মেনে পুশ ইনের চেষ্টা গ্রহণযোগ্য নয়। পুশ ইন বন্ধে ১২ থেকে ১৩টি চিঠি দেওয়া হয়েছে ভারতকে। তিনি বলেন, ইলিগ্যাল (অবৈধ) যারা আছে, তাদের ফেরত দেওয়ার প্রক্রিয়া আছে। সেটা মেনেই ভারতকে কাজ করতে হবে। পুশ ইন দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক পুনরুদ্ধারে প্রভাব ফেলবে বলেও মন্তব্য করেন প্রতিমন্ত্রী। ভারতের সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) শিশু, নারীসহ বিভিন্ন ব্যক্তিকে ঠেলে পাঠানো ঠেকাতে সম্প্রতি বাংলাদেশের ২৬ জেলার সীমান্তে বিপুলসংখ্যক বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে। চার পালায় ২৪ ঘণ্টা তাঁরা সীমান্ত পাহারা দিচ্ছেন। সীমান্তের বিভিন্ন জায়গায় স্থানীয় লোকজনও তাঁদের সহযোগিতা করছেন। ভারত থেকে পুশ ইনের মধ্যে সোমবার থেকে আগামী ১১ জুন পর্যন্ত ভারতের রাজধানী নয়াদিল্লিতে বিজিবি ও বিএসএফের মধ্যে ৫৭তম মহাপরিচালক পর্যায়ের সম্মেলন শুরু হয়েছে। বিজিবি জানিয়েছে, সম্মেলনে অবৈধ পুশ ইন, সীমান্তে বাংলাদেশি হত্যা ও সীমান্ত ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় গুরুত্ব পাবে।

বিয়ের আগের শারীরিক সম্পর্ক চরিত্রের

কনস্টেবল প্রার্থীর নিয়োগ বাতিলের সিদ্ধান্ত স্থগিতের সময় এই পর্যবেক্ষণ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। দেশটির সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, বিচারপতি মনমোহন এবং মনোজ মিশ্রের সমন্বয়ে গঠিত সুপ্রিম কোর্টের বেঞ্চ এক প্রার্থীর মামলার শুনানির সময় ওই পর্যবেক্ষণ দেন। ২০১৪ সালে দায়ের করা এক ফৌজদারি মামলার জেরে তেলেঙ্গানা রাজ্য স্তরের পুলিশ নিয়োগ বোর্ড ওই প্রার্থীর ‘স্টাইপেনডিয়ারি ক্যাডেট ট্রেইনি পুলিশ কনস্টেবল’ হিসেবে নিয়োগ সাময়িকভাবে বাতিল করেছিল। ওই প্রার্থীর পরিচিত এক নারীর সঙ্গে বিয়ের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে শারীরিক সম্পর্ক স্থাপনের অভিযোগে ওই মামলা দায়ের করা হয়েছিল। পরবর্তীতে ২০১৫ সালে লোক আদালতে বিষয়টি নিষ্পত্তি হয়। প্রার্থী তার আবেদনপত্রে এই মামলার বিষয়টিও উল্লেখ করেছিলেন। আদালত বলেছেন, পারস্পরিক সম্মতিতে দুই অবিবাহিত প্রাপ্তবয়স্ক মানুষের মধ্যকার শারীরিক সম্পর্ক সেই সম্পর্কের সঙ্গে যুক্ত ব্যক্তিদের চরিত্র নিয়ে নেতিবাচক ধারণা পোষণ করার কোনও ভিত্তি হতে পারে না এবং হওয়া উচিত নয়। আইনগতভাবে এমন কোনও নিয়ম নেই; যা দুই অবিবাহিত প্রাপ্তবয়স্ক মানুষকে তাদের পছন্দের সম্পর্ক বজায় রাখতে বাধা দেয়। বেঞ্চ জোর দিয়ে বলেছেন, প্রত্যেক সম্পর্কই বিয়েতে গড়ায় না এবং কর্তৃপক্ষকে অবশ্যই পরিবর্তনশীল সামাজিক বাস্তবতার প্রতি সংবেদনশীল হতে হবে। রায়ে বলা হয়, ‘সব সম্পর্ক বিয়েতে রূপ নেয় না। তাই কোনও সম্পর্ক বিয়েতে গড়ায়নি বলেই এক পক্ষ অন্য পক্ষকে প্রতারণা করেছে; এমন বিশ্বাস করার কোনও কারণ নেই।” আদালত বলেছেন, লোক আদালতে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণের মামলার আপস করার অর্থ এই নয় যে অভিযুক্ত ব্যক্তি দোষ স্বীকার করে নিয়েছেন। কোনও ফৌজদারি মামলা আপসের মাধ্যমে শেষ হয়েছে বলেই নিয়োগকর্তা নেতিবাচক সিদ্ধান্ত নিতে পারেন না; যদি না এমন কোনও তথ্য-প্রমাণ থাকে; যা নির্দেশ করে অভিযোগকারীকে জোরপূর্বক এই আপসে বাধ্য করা হয়েছিল। প্রাথমিকভাবে ওই প্রার্থীর নিয়োগ বাতিল করা হয়েছিল এই যুক্তিতে যে, মামলাটি নৈতিক স্খলনকে প্রতিফলিত করে। তেলেঙ্গানা হাইকোর্টের একজন একক বিচারকের বেঞ্চ সেই সিদ্ধান্ত বাতিল করেন এবং বিষয়টি পুনর্বিবেচনার নির্দেশ দেন। নিয়োগ বোর্ড পুনরায় নিয়োগ বাতিল করার পর, একক বিচারকের বেঞ্চ আবারও তাকে নিয়োগের আদেশ দেন। তবে একটি ডিভিশন বেঞ্চ সেই আদেশ উল্টে দিলে প্রার্থী সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন। বিয়ের আগের সম্পর্কের বিষয়ে দেশটির শীর্ষ আদালত পর্যবেক্ষণে বলেছেন, বর্তমানে এই ধরনের সম্পর্ক দিন দিন সাধারণ বিষয় হয়ে উঠছে এবং যেখানে দুই প্রাপ্তবয়স্ক মানুষের সম্পর্ক দীর্ঘ সময় ধরে বজায় থাকে, সেখানে বৈধ সম্মতি ছিল বলেই ধরে নেওয়া হয়। দুই বিচারপতির বেঞ্চ বলেছেন, প্রার্থী ও অভিযোগকারী প্রতিবেশী ছিলেন এবং তারা কয়েক বছর ধরে একে অপরকে চিনতেন। নথিপত্রে আপস নিশ্চিত করার জন্য বলপ্রয়োগ, হুমকি বা চাপ সৃষ্টি করার কোনও প্রমাণ নেই। পর্যবেক্ষণে আদালত বলেছেন, অভিযোগটি মূলত প্রতারণার সঙ্গে সম্পর্কিত ছিল, যেখানে প্রতারণার বিষয়টি কেবল অভিযোগকারীর সাক্ষ্যের মাধ্যমেই প্রমাণিত হতে পারত। বেঞ্চ বলেন, অভিযোগকারীকে প্রতারণা করে সম্পর্কে জড়ানো হয়েছিল কি না, তা কেবল অভিযোগকারী নিজেই প্রকাশ করতে পারতেন। সাধারণ মানুষ বলতে পারবে না যে তিনি আপিলকারীর (প্রার্থী) দ্বারা প্রতারিত হয়েছিলেন কি না। আদালত রায়ে বলেছেন, যেহেতু অভিযোগকারী নিজে মামলা না চালানোর সিদ্ধান্ত নিয়েছেন এবং এর মীমাংসায় সম্মতি দিয়েছেন, তাই নিয়োগ বোর্ডের কাছে এই ধারণা করার কোনও ভিত্তি ছিল না যে, পুলিশে চাকরির জন্য নৈতিক সমস্যা রয়েছে ওই প্রার্থীর। সুপ্রিম কোর্ট নিষ্পত্তি হওয়া ফৌজদারি মামলা থাকা প্রার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে নিয়োগকর্তাদের জন্য বৃহত্তর নীতিও নির্ধারণ করে দিয়েছেন। আদালত বলেন, নেতিবাচক মতামত কেবল তখনই গঠন করা যেতে পারে, যখন এমন কোনও তথ্য-প্রমাণ থাকে যা নির্দেশ করে, অপরাধটি সংঘটিত হয়েছিল এবং অভিযুক্ত প্রার্থীর সাথে সেই অপরাধের সম্পৃক্ততার প্রমাণ মেলে। সেই মানদণ্ড প্রয়োগ করে বেঞ্চ প্রতারণার অপরাধটি আদৌ সংঘটিত হয়েছিল কি না তা নিয়ে গুরুতর সন্দেহ প্রকাশ করে বলেছেন, অভিযোগকারী নিজে এই অভিযোগ নিয়ে আর অগ্রসর হননি এবং প্রতারণা প্রমাণ করার জন্য কোনও সাক্ষ্যও উপস্থাপন করা হয়নি। শেষে আদালত প্রার্থীর নিয়োগ বাতিলের সিদ্ধান্ত বাতিল করেন এবং রায় দেন, এই মামলার তথ্যের ভিত্তিতে নিয়োগ বোর্ডের সিদ্ধান্ত বহাল রাখা সম্ভব নয়।

ফুটপাত গিলে খাচ্ছে

ফুটপাত দখল করে অবৈধ ভাবে দোকান বসিয়ে অর্থ আদায়ের একটি চক্র সক্রিয় ছিল। এর ফলে পথচারীদের চলাচলে চরম দুর্ভোগ সৃষ্টি হচ্ছিল এবং পৌর শহর ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা দেখা দিচ্ছিল। সরেজমিনে গিয়ে দেখা যায়, চরফ্যাশন শহরের সদর রোড, বটতলা, জ্যাকব এভিনিউ, চালপট্টি, গ্রীন রোডসহ প্রায় সকল গুরুত্বপূর্ণ সড়কের দুই পাশে ব্যাঙের ছাতার মত বসানো হচ্ছে শত শত অবৈধ দোকান। অন্যদিকে রাস্তার দুই পাশের ফুটপাত ব্যবসায়ীরা দখল করে তাদের মালামাল রাখার কারণে দুর্ভোগ পোহাতে হচ্ছে পথচারীদের। মজার ব্যাপার হলো- এই রাস্তার ফুটপাতের উপর দোকানগুলো চালায় কতিপয় অসাধু রাজনৈতিক লোকেরা। শুধু অবৈধ দোকান বসিয়ে বা ফুটপাত দখলেই শেষ নয়, চরফ্যাশন টিবি স্কুল থেকে শরীফ পাড়া পর্যন্ত রিকশা, মোটরসাইকেল, বোরাক, সিএনজি, মাইক্রোবাস, ট্রাক ও নসিমন-করিমন সমিতির মাধ্যমে দখল হয়ে আছে শহরের প্রধান সড়ক। সদর রোডে এই অবস্থায় সীমাহীন দুর্ভোগ ও যানজট লেগেই থাকে সব সময়। চরফ্যাশন পৌরসভার ১ নং ওয়ার্ড সাবেক কাউন্সিলর কামারুজ্জামান শাহিন বলেন, ‘অসংখ্যবার আমরা ব্যবসায়ীদের মালামাল সরিয়ে ফুটপাত চলাচলের উপযোগী করেছি। কিন্তু দেখা যায়- কিছুদিন পর আবার তারা ফুটপাত দখল করে বসে আছে এটা অত্যন্ত দুঃখজনক।’ চরফ্যাশন উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি ও সাবেক বিএনপি মনোনীত পৌর মেয়র প্রার্থী শিকদার হুমায়ুন কবির বলেন, ‘পর্যটন নগরী চরফ্যাশনের সৌন্দর্য রক্ষায় যানজট নিরসনসহ সব ধরনের নাগরিক সুবিধার স্বার্থে উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করে একটি সুন্দর পর্যটন নগরী করার চেষ্টা চালাচ্ছি।আশা করি আমাদের এ যাত্রায় ব্যবসায়ী, পৌরবাসী, উপজেলা প্রশাসনসহ সকলের ঐকান্তিক সমর্থন ও সহযোগিতা থাকবে।’ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্মকর্তা (ইউএনও) এবং পৌর প্রশাসক রুমানা আফরোজ বলেন, ‘চরফ্যাশন উপজেলার প্রত্যকটি বাজার ফুটপাতমুক্ত রাখতে প্রশাসনের পক্ষ থেকে কাউকে ছাড় দেয়া হবে না। যদি কাউকে এ ধরনের অপরাধের সাথে সম্পৃক্ত পাওয়া যায় তা হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। আমরা অতি দ্রুত ব্যবসায়ী সমিতি ও ব্যবসায়ীদের সাথে আলোচনা সাপেক্ষে নিরাপদ চলাচলের ব্যবস্থা এবং যানজটমুক্ত চরফ্যাশন পৌর শহর গড়ে তুলবো।’

চরফ্যাশন গ্রিড উপকেন্দ্র

উপকেন্দ্রটি নির্মাণ করা হয়েছে। উপকেন্দ্রটি পূর্ণাঙ্গভাবে চালু হলে ভোলার দক্ষিণাঞ্চলের বিস্তীর্ণ এলাকার বিদ্যুৎ সরবরাহ আরও স্থিতিশীল ও নির্ভরযোগ্য হবে। এদিকে চরফ্যাশন পৌরসভায় বিদ্যুৎ সরবরাহের জন্য ওজোপাডিকোর আওতাধীন ৩৩ কেভি সঞ্চালন লাইনের নির্মাণকাজ এখনও চলমান রয়েছে। এই কাজ শেষ হলে পৌর এলাকার গ্রাহকরাও সরাসরি এই গ্রিড উপকেন্দ্রের সুবিধা ভোগ করতে পারবেন। গ্রিড উপকেন্দ্র চালুর এই উদ্যোগকে স্বাগত জানিয়ে স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ীরা বলেন, এর ফলে এলাকায় ঘনঘন বিদ্যুৎ বিভ্রাট বা লোডশেডিং কমবে। একই সঙ্গে স্থানীয় শিল্প, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ও জনজীবনে ইতিবাচক প্রভাব পড়বে। সংশ্লিষ্ট কর্মকর্তারা আশা প্রকাশ করছেন, সঞ্চালন লাইনের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন হলে চরফ্যাশনের দীর্ঘদিনের বিদ্যুৎ সংকট স্থায়ীভাবে নিরসন হবে এবং এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন আরও ত্বরান্বিত হবে।

পর্নোগ্রাফি মামলায় পলাতক

৮(২) ধারায় আনীত অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে ১২ বছরের সশ্রম কারাদণ্ড এবং ৪ লক্ষ টাকা অর্থদণ্ডের রায় প্রদান করেন। একই সাথে জরিমানা অনাদায়ে তাকে আরও ২ বছরের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেওয়া হয়েছিল। তবে আদালত কর্তৃক এই রায় ঘোষণার পর থেকেই আইনি সাজা এড়াতে দীর্ঘদিন ধরে এলাকা ছেড়ে পলাতক ছিলেন কাইয়ুম। অভিযান পরিচালনাকারী কর্মকর্তা হিজলা থানার এএসআই আব্দুর রাজ্জাক জানান, সাজাপ্রাপ্ত আসামি কাইয়ুম গ্রেপ্তারের ভয়ে দীর্ঘদিন ধরে দেশের বিভিন্ন স্থানে ছদ্মবেশে আত্মগোপনে ছিলেন। আমরা দীর্ঘদিন ধরে তার গতিবিধির ওপর নজর রাখছিলাম। অবশেষে গোপন সংবাদের ভিত্তিতে আজ তার অবস্থান নিশ্চিত করে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করতে সক্ষম হই। আইনি প্রক্রিয়া শেষে তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করার প্রস্তুতি চলছে। এদিকে হিজলা থানা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমনে পুলিশ সর্বদা তৎপর। ওয়ারেন্টভুক্ত ও সাজাপ্রাপ্ত পলাতক আসামিদের আইনের আওতায় আনতে পুলিশের এই চিরুনি অভিযান আগামীতেও অব্যাহত থাকবে।

বাকেরগঞ্জ দলিল লেখক

সম্পাদক মোহাম্মদ সরোয়ার হোসেন যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ নাসির হাওলাদার সহসাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান সাংগঠনিক সম্পাদক মোঃ মজিবুর রহমান মিন্টু সহ সাংগঠনিক সম্পাদক মো: মনিরুল ইসলাম অর্থ সম্পাদক মো: নজরুল ইসলাম হারুন প্রচার সম্পাদক মো: নাজমুল আলম সমাজ কল্যাণ সম্পাদক সৈয়দ আশরাফুল আলম নির্বাহী সদস্য গোলাম মোস্তফা মৃধা নির্বাহী সদস্য অসীম কুমার দত্ত। এদেরকে তিন বছরের জন্য কার্যকরী কমিটি গঠন করা হয়।

মমতার বক্তব্য গুরুত্ব দিয়ে হাদি

প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান তিনি। মাছুমা হাদি বলেন, মমতা ব্যানার্জির বক্তব্যের রহস্য উদ্ঘাটন করা না গেলে আন্তর্জাতিক সহায়তা নিয়ে চাপ প্রয়োগের মাধ্যমে ঘটনার সত্যতা নিশ্চিত করতে সরকারের প্রতি আহ্বান জানানো হচ্ছে। প্রধানমন্ত্রীর কাছে অনুরোধ জানিয়ে তিনি বলেন, আমাদের পরিবারের বিনীত অনুরোধ, আপনি দ্রুত আমার ভাই ওসমান হাদি হত্যার বিচার নিশ্চিত করে দৃষ্টান্ত স্থাপন করবেন। এতে ভবিষ্যৎ প্রজন্ম ন্যায়বিচারের প্রতি আস্থা পাবে। তিনি অভিযোগ করেন, ২০২৫ সালের ১২ ডিসেম্বর ওসমান হাদিকে গুলি করে হত্যার পর আসামিরা কীভাবে ভারতে পালিয়ে গেল, তা নিয়ে প্রশ্ন রয়েছে। এ ঘটনায় রাষ্ট্রীয় কোনো বাহিনী বা রাজনৈতিক দলের নেতাকর্মীরা জড়িত কি না, তা খতিয়ে দেখারও দাবি জানান তিনি। তিনি বলেন, বারবার কেন চার্জশিটের সময় পরিবর্তন করা হচ্ছে, এটা জানতে চায় বাংলাদেশের মানুষ। ওসমান হাদি হত্যার পরিকল্পনাকারী, নির্দেশদাতা, অর্থের যোগানদাতাসহ খুনের সঙ্গে জড়িত সব ব্যক্তিকে চার্জশিটভুক্ত করে জাতির সামনে প্রকাশ করার আহ্বান জানাই। এসময় হাদির ভগ্নিপতি মো. আমির হোসেনসহ স্বজনরা উপস্থিত ছিলেন।

নৌপথে চাঁদাবাজি বন্ধের

জাহাজ ও নৌ-শ্রমিকরা নিয়মিত জুলুম ও চাঁদাবাজির শিকার হচ্ছেন। বিশেষ করে ভোলার মেঘনা ও তেতুলিয়া নদীর ইলিশা ও তুলাতলী ঘাট এলাকায় ‘কথিত পাইলট’ বাহিনীর সদস্যরা জাহাজ আটকে রেখে মোটা অঙ্কের চাঁদা আদায় করছে। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে শ্রমিকদের ওপর অমানবিক নির্যাতন চালানো হয় বলেও অভিযোগ ওঠে। বক্তারা বলেন, এ চাঁদাবাজির মূল হোতা ‘চর খেকো’ ও জলদস্যু চকেট জামাল। তাঁর নেতৃত্বে সন্ত্রাসী মফিজ ও সবুজ বাহিনী দীর্ঘদিন ধরে এ কার্যক্রম চালিয়ে আসছে। এসব ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তারা। মানববন্ধনে শ্রমিক নেতারা হুঁশিয়ারি দিয়ে বলেন, তাদের ন্যায্য দাবি দ্রুত বাস্তবায়ন করতে হবে। ইলিশা ও তুলাতলীতে পাইলট বাহিনীর নামে চাঁদাবাজি ও হয়রানি বন্ধ না হলে সারা দেশে জাহাজ চলাচল বন্ধ করে দেওয়া হবে। একইসঙ্গে তারা নদীতে সাধারণ জেলেদের অবাধ মৎস্য আহরণ নিশ্চিত করা এবং নদীপথের পয়স্তি জমির মালিকদের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। বাংলাদেশ জাহাজী শ্রমিক ফেডারেশন, ভোলা জেলা শাখার সভাপতি বিল্লাল গোলদারের সভাপতিত্বে মানববন্ধনে আরও বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, কার্যকরী সভাপতি শাহাবুদ্দিন ও সদস্য ইব্রাহিম মাঝিসহ স্থানীয় শ্রমিক নেতারা। এদিকে অভিযোগের বিষয়ে জানতে অভিযুক্ত চকেট জামালের মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

ভাণ্ডারিয়ায় ৩ ওষুধ ব্যাবসায়ীকে

সাড়ে বাইশ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জল হালদার ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন। এসময় পিরোজপুর জেলা ড্রাগ সুপার ভাইজার সুশীল কুমার ঢালী এবং ভাণ্ডারিয়া থানা পুলিশ উপস্থিত ছিলেন।

বৈদ্যবাড়ি কাচিয়া ০২ নং ওয়ার্ডে সনাতন ধর্মাবলম্বীদের কীর্তন অনুষ্ঠান

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার ০৪ নং কাচিয়া ইউনিয়নের বৈদ্যবাড়ি এলাকার ০২ নং ওয়ার্ডে সনাতন ধর্মাবলম্বীদের আয়োজিত ধর্মীয় কীর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ০৪ নং কাচিয়া ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি ও কাচিয়া ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী হেলাল উদ্দিন মারুফ মিয়া। অনুষ্ঠানে তিনি সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং ধর্মীয় সম্প্রীতি, সামাজিক সৌহার্দ্য ও পারস্পরিক শ্রদ্ধাবোধের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, “ধর্ম যার যার, রাষ্ট্র সবার। সকল ধর্মের মানুষের শান্তিপূর্ণ সহাবস্থানই আমাদের ঐতিহ্য। সুখে-দুঃখে সবসময় সাধারণ মানুষের পাশে থাকতে চাই।” এ সময় তিনি এলাকার সার্বিক উন্নয়ন, মাদকমুক্ত সমাজ গঠন, শিক্ষার প্রসার এবং সামাজিক সম্প্রীতি বজায় রাখতে সকলের সহযোগিতা কামনা করেন। স্থানীয় সুধীজন ও ধর্মপ্রাণ মানুষেরা তার উপস্থিতিকে স্বাগত জানান এবং কীর্তন অনুষ্ঠানের মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপনের প্রত্যয় ব্যক্ত করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বরিশাল বিভাগের আঞ্চলিক পত্রিকা কীর্তনখোলা পত্রিকার বোরহানউদ্দিন প্রতিনিধি মোঃ আসাদুল হক মাতাব্বর, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সনাতন ধর্মাবলম্বী ভক্তবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। কীর্তন অনুষ্ঠানে ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ এবং মানবিক মূল্যবোধের বার্তা ছড়িয়ে দেওয়া হয়। স্থানীয়দের মতে, এমন আয়োজন সমাজে পারস্পরিক শ্রদ্ধা ও সৌহার্দ্য বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পিরোজপুর-নাজিরপুর সড়কে

পিরোজপুর থেকে ছেড়ে আসা অটোরিক্সার সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এ ঘটনায় একজন নারী সহ দুইজন গুরুতর আহত হয়েছে। আহতদের উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে নেওয়া হয়েছে। পিরোজপুর জেলা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. রফিকুল ইসলাম জানান, সড়ক দুর্ঘটনায় আহত দুইজনকে হাসপাতালে আনা হলে প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হয়। তাদের মধ্যে একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শরিফুল ইসলাম বলেন, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

বঙ্গোপসাগরে গভীর মেঘমালা

এবং সমুদ্র বন্দর সমূহের উপর ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার শংকায় পায়রাসহ দেশের সব সমুদ্র বন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। মাছধরা ট্রলার সমূহকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়।

সড়ক যেন মরণফাঁদ, চরম

ব্যবসায়ীক গৌরনদী বন্দর ও দূরদূরান্তে যাতায়াতের জন্য গৌরনদী বাসষ্ট্যান্ডে যেতে হচ্ছে। সড়কের পল্লী বিদ্যুত অফিসের পাশে ও উপজেলা পরিষদে প্রবেশ সংলগ্ন গেটের সন্নিকটে অতিসম্প্রতি ছোট-বড় গর্তের সৃষ্টি হয়ে বৃষ্টির পানি জমে যায়। পরবর্তীতে ব্যস্ততম এ সড়কের অংশে গর্ত কিংবা খানাখন্দ বাড়তেই থাকে। বর্তমানে ওই অংশদিয়ে যানবাহনতো দূরের কথা জনসাধারণের পায়ে হেঁটে চলাচলই দুরহু হয়ে উঠেছে। ভূক্তভোগিরা জানিয়েছেন, অপরিকল্পিতভাবে সড়ক নির্মান করা হলেও ড্রেনেজ ব্যবস্থা না থাকার কারণে বৃষ্টির পানি সরতে পারছেনা। যেকারণে সেখানেই বৃষ্টির পানি জমে থাকে সেখানেই ধীরে ধীরে সড়ক ড্যামেজ হয়ে গর্ত কিংবা যানবাহন চলাচলের কারণে খানাখন্দের সৃষ্টি হচ্ছে। তারা আরও জানিয়েছেন, গৌরনদী বাসষ্ট্যান্ড ও বন্দর সড়কের পাশে দীর্ঘদিন থেকে স্থানীয়রা ড্রেনেজ ব্যবস্থার দাবি করে আসলেও সে ব্যাপারে কখনও কেউ কার্যকরী কোন ব্যবস্থা গ্রহণ করেননি। ফলশ্রুতিতে ব্যস্ততম এ সড়কটির দুর্ভোগ কোনভাবেই কমানো যাচ্ছেনা। বর্তমানে সড়কের উল্লেখিত খানাখন্দ ও গর্তের অংশে পুরো রাস্তাজুড়ে ময়লা-আবর্জনা ও নোংরা পানি জমে রয়েছে। খানাখন্দ ও কাঁদাপানিতে ভরা অংশটুকুর সড়ক দিয়ে বর্তমানে চলাচল করতে গিয়ে প্রতিনিয়ত সাধারণ মানুষ থেকে শুরু করে ছোট ছোট যানবাহনের চালকদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। মাঝে মধ্যেই পানি জমে থাকায় খানাখন্দ ও গর্তের অংশে এ সড়ক দিয়ে জনসাধারণের চলাচলের প্রধান বাহন যাত্রীবাহি ব্যাটারিচালিত ইজিবাইক উল্টে পরতে দেখা গেছে। এ সড়ক দিয়ে প্রতিদিন কয়েক হাজার মানুষ যাতায়াত করছেন। বেশকিছুদিন থেকে রাস্তার এমন বেহাল অবস্থার কারণে পথচারী, যানবাহন চালক ও ব্যবসায়ীরা পরেছেন চরম ভোগান্তিতে। বিশেষ করে সামান্য বৃষ্টি হলেই পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করে। ভূক্তভোগীরা দ্রুত সময়ের মধ্যে সাধারণ মানুষের দুর্ভোগ লাঘবে ব্যস্ততম ও জনগুরুত্বপূর্ণ সড়কের বেহালদশার অংশটুকু সংস্কারসহ পরবর্তী সময়ে স্থায়ীভাবে এ সমস্যা সমাধানের জন্য রাস্তার পাশে ড্রেনেজ ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করেছেন। এ ব্যাপারে গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম বলেন, পুরো সড়কের অবস্থা ভাল থাকলেও তুলনামূলকভাবে খানাখন্দের অংশটুকু খুবই কম। যেকারণে সরকারি নিয়ম অনুযায়ী সড়ক সংস্কারের জন্য দরপত্র আহবান করা যাচ্ছেনা। তারপরেও দ্রুতভাবে অন্যকোন উপায়ে খানাখন্দের অংশটুকু সাময়িকভাবে সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৯ জুন ২০২৬ ॥ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩

বিয়ের আগের শারীরিক সম্পর্ক চরিত্রের কলঙ্ক নয়: ভারতের সুপ্রিম কোর্ট

কীর্তনখোলা ডেস্ক
পারস্পরিক সম্মতিতে অবিবাহিত দুই প্রাপ্তবয়স্ক মানুষের মধ্যকার শারীরিক সম্পর্ক কোনও ব্যক্তির চরিত্র সম্পর্কে নেতিবাচক ধারণা তৈরি করার ভিত্তি হতে পারে না। সোমবার ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য তেলেঙ্গানায় এক পুলিশ ৩ এর পাতায় দেখুন

পুশ ইন ঠেকাতে ভারতকে ১২-১৩টি চিঠি দিয়েছে সরকার: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জানিয়েছেন, পুশ ইন ঠেকাতে সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) শক্তভাবে প্রতিহত করছে। পাশাপাশি পুশ ইন বন্ধে ভারত সরকারকে ১২ থেকে ১৩টি চিঠি দিয়েছে বাংলাদেশ সরকার। ৩ এর পাতায় দেখুন

অবৈধ চেয়ারম্যানের অপসারণ, আমানতের সুরক্ষা, গ্রাহকদের স্বার্থ রক্ষা, এস আলম ও ফ্যাসিস্টের দোসরদের বয়কট এবং গ্রাহকদের উপর নির্মম পুলিশি হামলার প্রতিবাদে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রতি ১ ঘণ্টার কলম বিরতির আহ্বান -কীর্তনখোলা

আদালতের নিষেধাজ্ঞা উপেক্ষা করে টোল আদায়ের বৈধতা দিলেন পৌর প্রশাসক

লালমোহন প্রতিনিধি
হাইকোর্টের স্পষ্ট নির্দেশনা ও স্থানীয় সরকার বিভাগের পরিপত্র থাকা সত্ত্বেও ভোলার লালমোহন পৌরসভার আওতাধীন সড়কে টোল আদায়ের জন্য ইজারা দেওয়ার অভিযোগ উঠেছে পৌর প্রশাসকের বিরুদ্ধে। জানা গেছে, লালমোহন পৌরসভার নিজস্ব কোনো টার্মিনাল নেই। ফলে টোল আদায়ের বৈধতা নিয়ে দেখা দিয়েছে গুরুতর প্রশ্ন। স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখা ২০২২ সালের ২৫ সেপ্টেম্বর জারি করা এক পরিপত্রে হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৬৪০/২০২২-এর ২১ এপ্রিল ২০২২ তারিখের আদেশের আলোকে দেশের সব পৌরসভাকে টার্মিনাল ছাড়া কোনো সড়ক বা মহাসড়ক থেকে টোল আদায় না করার নির্দেশ দেয়। ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে ইয়াবাসহ গ্রেফতার মন্দিরের পুরোহিত

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি সদর উপজেলার পৌর এলাকায় অভিযান চালিয়ে ২০ পিস ইয়াবাসহ সুমন চক্রবর্তী (৪১) নামে এক মন্দিরের পুরোহিতকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। পরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। রোববার (৭ জুন) রাতে ঝালকাঠি পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের ৬৪ বাহের রোড এলাকায় অবস্থিত 'জি আর কম্পিউটার সেন্টার'-এর সামনে থেকে তাকে আটক করা হয়। সুমন চক্রবর্তী ওই এলাকার কেন্দ্রীয় কালী মন্দির সংলগ্ন এলাকার বাসিন্দা এবং মৃত তারাপদ চক্রবর্তীর ছেলে। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জেলা গোয়েন্দা শাখার একটি দল এলাকায় মাদকবিরোধী অভিযান চালায়। এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে সুমন পালানোর চেষ্টা করলে তাকে ৩ এর পাতায় দেখুন

৯৩ লাখ পশু কোরবানি, চামড়া সংগ্রহ নামতে পারে ৭০ লাখে

কীর্তনখোলা ডেস্ক
দেশে এবারের ঈদুল আজহায় ৯৩ লাখের বেশি পশু কোরবানি হলেও চামড়া সংগ্রহ নেমে আসতে পারে প্রায় ৭০ লাখ পিসে। ট্যানারি মালিকদের একাংশের দাবি, ছাগলের বিপুল পরিমাণ চামড়া নষ্ট হওয়া, লবণ ব্যবহার না করা এবং দেরিতে বিক্রির কারণে সংগ্রহ কমতে পারে। তবে চামড়া খাতের অন্য অংশ মনে করছে, শেষ পর্যন্ত সংগ্রহ গত বছরের ৯১ লাখ পিসের কাছাকাছিও থাকতে পারে। এদিকে, ঈদুল আজহার প্রথম দুদিনে ঢাকার সাভারের চামড়া শিল্পনগরীতে প্রায় ছয় লাখ পিস চামড়া সংগ্রহ হয়েছে। গত শনিবার থেকে চামড়া শিল্পনগরীতে ঢাকার বাইরে থেকে ৩ এর পাতায় দেখুন

বন্ধুদের ঈদে জমানো টাকায় আর্জেন্টিনার পতাকায় সেজেছে লঞ্চঘাট

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
ফুটবল বিশ্বকাপ জ্বরে টালমাটাল গোটা দেশ। কোন দেশের সমর্থক কে; তার জানান দিতে ভক্তরা নিচ্ছেন নানান পন্থা। বিশেষ করে আর্জেন্টিনা-ব্রাজিল ভক্তরা নিজেদের নানানভাবে উপস্থাপন করছেন। তাদেরই মধ্যে আছেন বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার উলানিয়া বন্দরের আর্জেন্টিনা প্রেমিক তিন তরুণ ব্যবসায়ী। যারা

ঈদের খরচ বাঁচিয়ে ১০ হাজার টাকা ব্যয়ে সাদা-আকাশী নীল পতাকায় সাজিয়েছেন পুরো লঞ্চঘাট। যা এখন 'লা আলবিসেলেস্তে' সমর্থকদের সেলফি স্পটে পরিণত হয়েছে। জানা গেছে, সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন বরিশাল জেলার নদীবেষ্টিত মেহেন্দিগঞ্জ উপজেলার অন্যতম ব্যস্ততম নৌ-বন্দর উলানিয়া নদীবন্দর। প্রতিদিন হাজার হাজার মানুষের ৩ এর পাতায় দেখুন

প্রধান শিক্ষকের বিরুদ্ধে বই পোড়ানোর অভিযোগ

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলীর এমইউ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. শাহ আলম কবিরের বিরুদ্ধে বিদ্যালয়ের বিপুল পরিমাণ বই ও আসবাবপত্র পুড়িয়ে ফেলার অভিযোগ উঠেছে। বিদ্যালয় প্রাঙ্গণে সোমবার দুপুরে এ ঘটনা ঘটে। এ নিয়ে শিক্ষক, কর্মচারী, শিক্ষার্থী ও স্থানীয়দের মধ্যে মিশ্র ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় মাদক পরিবহনের অপরাধে ৫ জনের কারাদণ্ড

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় গাঁজা ও ইয়াবা পরিবহনের অপরাধে তিন বাসের চালক ও হেলপারসহ পাঁচ জনের চারজনকে এক মাস করে ও একজনকে ১৪ দিন বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। রোববার (৭ জুন) দিবাগত মধ্যরাতে কলাপাড়া বাসস্ট্যান্ডে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এই দণ্ড কার্যকর করা হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মো. ইয়াসীন সাদেক এই অভিযানের নেতৃত্ব দেন। দণ্ডপ্রাপ্তরা হলেন মো. রাসেল (৩৩), জাকির হোসেন (৪৫), সোহাগ শেখ (২৮), মো. বেল্লাল (২৮) ও রাকিব তালুকদার (২৭)। এরা মেঘলা, নাহিদ ও অন্তরা বাসের চালক ও হেলপার। কলাপাড়া নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ইয়াসীন সাদেক জানান, গাঁজা ও ইয়াবা ৩ এর পাতায় দেখুন

মাছ ধরতে গিয়ে বজ্রপাতে জেলের মৃত্যু

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় বজ্রপাতে আ. মান্নান হাওলাদার (৫৫) নামে এক জেলের মৃত্যু হয়েছে। সোমবার (৮ জুন) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার লতাচাপলী ইউনিয়নের মম্বিপাড়া এলাকার ৩৩ কানিয়া মাছঘাট সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আ. মান্নান হাওলাদার ওই এলাকার মৃত সুলতান হাওলাদারের ছেলে। পারিবারিক সূত্র জানায়, সোমবার ভোর ৫টার দিকে আ. মান্নান হাওলাদার আরও কয়েকজন জেলের সঙ্গে মম্বিপাড়া এলাকার ৩৩ কানিয়া মাছঘাটে মাছ ধরতে যান। মাছ ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশন গ্রিড উপকেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহ শুরু

চরফ্যাশন প্রতিনিধি
দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে চালু হয়েছে ভোলার চরফ্যাশন গ্রিড উপকেন্দ্রের বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম। গত ৭ জুন রাতে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির একটি ৩৩ কেভি ফিডার অস্থায়ীভাবে কমিশনিং করে চরফ্যাশন এলাকায় বিদ্যুৎ সরবরাহ শুরু করা হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, বর্তমানে গ্রিড উপকেন্দ্রটি প্রায় ২৫ মেগাওয়াট বিদ্যুৎ লোড গ্রহণ করছে। এর মাধ্যমে চরফ্যাশনের বিদ্যুৎ ব্যবস্থায় এক নতুন যুগের সূচনা হলো। জানা গেছে, চরফ্যাশন উপজেলার ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ এবং গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতেই এই গ্রিড ৩ এর পাতায় দেখুন

ফুটপাত গিলে খাচ্ছে শত শত অবৈধ দোকান

চরফ্যাশন প্রতিনিধি
সাম্প্রতিক সময়ে পর্যটন নগরী ভোলার চরফ্যাশন শহরের বিভিন্ন সড়কে প্রতিদিন যানজট, ফুটপাত ও ড্রেন ভ্রাম্যমাণ হকার, অবৈধ দোকানপাট এবং অনিয়ন্ত্রিত পরিবহনের দখলে চলে যাওয়ায় জনদুর্ভোগ চরম আকার ধারণ করেছে। আর এই যানজট নিয়ন্ত্রণে অবৈধ দোকান উচ্ছেদ, সড়ক প্রশস্ত করার বিষয়ে ভোলা-৪ আসনের সংসদ সদস্য নুরুল ইসলাম কঠোর নির্দেশনা দিয়েছেন। নির্দেশনা অনুযায়ী, চরফ্যাশন উপজেলা প্রশাসন অবৈধ ভাবে দখল করে রাখা ফুটপাত দখলমুক্ত করতে জোরালো পদক্ষেপ নিয়েছে। কিন্তু কতিপয় অসাধু রাজনৈতিক লোকের কারণে চরফ্যাশন পৌর শহরের সড়ক ও ড্রেন দখলমুক্তকরণের সুফল পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন পৌর শহরবাসী। সরকারি সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে হাট-বাজার ইজারা ও প্রভাবশালীদের ছত্রছায়ায় ৩ এর পাতায় দেখুন

মমতার বক্তব্য গুরুত্ব দিয়ে হাদি হত্যার রহস্য উদঘাটনের দাবি

নলছিটি প্রতিনিধি
ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরিফ ওসমান বিন হাদির বোন মাছুমা হাদি বলেছেন, ভারতের পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বক্তব্যকে গুরুত্ব দিয়ে ওসমান হাদি হত্যাকাণ্ডে কারা জড়িত, তা কূটনৈতিকভাবে স্পষ্ট করা রাষ্ট্রের দায়িত্ব। সোমবার (৮ জুন) সকাল ১১টায় ঝালকাঠির নলছিটি ৩ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জ দলিল লেখক সমিতির কমিটি গঠন

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশাল জেলার বাকরগঞ্জ উপজেলার দলিল লেখক সমিতির কমিটি গঠন করা হয়তিন বছরের জন্য তারিখ ৮, ৬, ২০২৬ সোমবার বিকাল ৩ ঘটিকার সময় কার্যনির্বাহী কমিটির গঠন করা হয়। সভাপতি মোঃ ইউস শিকদার সিনিয়র সহ সভাপতি আব্দুর রহিম হাওলাদার সহ-সভাপতি প্রশান্ত দাস সাধারণ ৩ এর পাতায় দেখুন

পর্নোগ্রাফি মামলায় পলাতক আসামি কাইয়ুম গ্রেপ্তার

হিজলা প্রতিনিধি
বরিশালের হিজলা থানা পুলিশের এক বিশেষ অভিযানে পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনের মামলায় ১২ বছরের সশ্রম কারাদণ্ড এবং চার লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত পলাতক আসামি আব্দুল কাইয়ুমকে (৩০) গ্রেপ্তার করা হয়েছে। সোমবার (৮ জুন) হিজলা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সোলায়মানের নির্দেশনায়, এএসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি বিশেষ চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করতে সক্ষম হয়। গ্রেপ্তারকৃত কাইয়ুম হিজলা থানার ৫ নম্বর ওয়ার্ডের পশ্চিম কোড়ালিয়া এলাকার দেলোয়ার কাজীর ছেলে। পুলিশ সূত্রে জানা গেছে, কাইয়ুমের বিরুদ্ধে পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর ৮(১) ও ৩ এর পাতায় দেখুন

সড়ক যেন মরণফাঁদ, চরম দুর্ভোগে গৌরনদীবাসী

গৌরনদী প্রতিনিধি
জনগুরুত্বপূর্ণ ও ব্যস্ততম বরিশালের গৌরনদী বাসষ্ট্যান্ড-বন্দর সড়কের বেশ কয়েকটি অংশে খানাখন্দসহ ছোট-বড় গর্তের সৃষ্টি হয়ে বৃষ্টির পানিজমে যানবাহন ও জনসাধারণের চলাচলে সম্পূর্ণ অযোগ্য হয়ে পরেছে। প্রতিনিয়ত খানাখন্দের অংশে দুর্ঘটনা লেগেই রয়েছে। ফলে জনসাধারণের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। ভূক্তভোগীরা জরুরি ভিত্তিতে খানাখন্দের অংশটুকু সংস্কারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করেছেন। সূত্রমতে, গৌরনদী বাসষ্ট্যান্ড ও বন্দরের মধ্যবর্তী এ সড়ক দিয়ে প্রতিনিয়ত গোটা উপজেলাবাসীকে উপজেলা পরিষদ, প্রথম শ্রেনীর পৌরভবন, থানা কমপ্লেক্স, পশু হাসপাতাল, পল্লী বিদ্যুত অফিস, খাদ্য গুদাম, বিভিন্ন ব্যাংকের শাখা অফিস, সু-বিশাল একাধিক মার্কেটসহ ঐতিহ্যবাহী ৩ এর পাতায় দেখুন

পিরোজপুর-নাজিরপুর সড়কে বাস-অটোরিকশা সংঘর্ষ, আহত ২

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর-নাজিরপুর আঞ্চলিক সড়কের কদমতলা এলাকায় যাত্রীবাহী বাস ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে দুইজন আহত হয়েছেন। সোমবার (৮ জুন) দুপুর সাড়ে ১২টার দিকে এ দুর্ঘটনা ঘটে।আহতদের মধ্যে মামুন (৪০) নামে একজনের পরিচয় জানা গেছে। তিনি বাগেরহাটের চিতলমারী উপজেলার আমজাদ হোসেনের ছেলে। অপর আহত ব্যক্তি চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে গেছে। প্রতক্ষদর্শীরা জানায়, ঢাকা থেকে ছেড়ে আসা ইমাদ পরিবহন পিরোজপুরের কদমতলা এলাকায় এসে পৌঁছালে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ৩ ওষুধ ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতের জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া বাজারে গতকাল সোমবার দুপুরে তিন ওষুধ ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে মোট ২২ হাজার ৫০০টাকা জরিমানা আদায় করা হয়। আদালত সূত্রে জানা যায়, ভাই ভাই ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ পাওয়ায় তাকে ২০২৩এর ৪০গ ধারায় ৫০০০/-(পাঁচ)হাজার টাকা এবং বিসমিল্লাহ ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ ও কসমেটিক্স আইটেম পাওয়ায় ২০২৩এর ৪০খ ধারায় ২০০০/-(দুই) হাজার এবং একই ধারায় আহমেদ ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ এবং ওষুধের ফ্রিজে মাছ রাখার অপরাধে ১৫০০০(পনের)হাজার টাকাসহ মোট ৩ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে গভীর মেঘমালা বন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

কুয়াকাটা প্রতিনিধি
উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চারনশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। এর প্রভাবে পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগর বেশ উত্তাল রয়েছে। ছোট বড় ঢেউ তীরে আছড়ে পড়ছে। রবিবার (৭ জুন) থেকে জেলার বিভিন্ন স্থানে থেমে থেমে গুঁড়ি গুঁড়ি থেকে মাঝারী বৃষ্টিপাত অব্যাহত রয়েছে। এদিকে পটুয়াখালী, বরিশাল, খুলনা, নোয়াখালী ও কক্সবাজারসহ দেশের ১১ অঞ্চলের উপর দিয়ে ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। তাই এসব নদী বন্দর সম্পর্কে ১ নম্বর সতর্ক সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। এছাড়া উপকূলীয় এলাকায় ৩ এর পাতায় দেখুন

নৌপথে চাঁদাবাজি বন্ধের দাবি, জাহাজ শ্রমিকদের মানববন্ধন

ভোলা প্রতিনিধি
"দুনিয়ার মজদুর এক হও, নৌ-পথে জাহাজী শ্রমিক এক হও" এই শ্লোগানকে সামনে রেখে ভোলায় নৌপথে চলাচলকারী বাল্কহেড জাহাজী শ্রমিকদের ওপর কথিত 'পাইলট বাহিনী'র জুলুম, নির্যাতন, চাঁদাবাজি ও সন্ত্রাস বন্ধের দাবিতে মানববন্ধন ও শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৮ জুন) বেলা ১১টায় ভোলা প্রেসক্লাবের সামনে বাংলাদেশ জাহাজী শ্রমিক ফেডারেশন, ভোলা জেলা শাখার উদ্যোগে এই কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, ভোলা জেলা অতিক্রম করে সী-বিচ চরপাড়া, চট্টগ্রাম বন্দরসহ দেশের বিভিন্ন নৌপথে চলাচলকারী বাল্কহেড ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution. Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com